MINISTÈRE
DE L'INTÉRIEUR
*Liberté*
*Égalité*
*Fraternité*

মিনিস্ট্রি অব দি ইন্টেরিয়র
জেনারেল ডিরেক্টরেট ফর ফরেনার্স ইন ফ্রান্স



# ফ্রান্সে রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের জন্য নির্দেশিকা

gDA **সেপ্টেম্বর ২০২০**

# সূচিপত্র


১. সুরক্ষার বিভিন্ন ধরণ ..... 5

১.১.শরণার্থীদের মর্যাদা. ..... 5

১.২.সহায়ক সুরক্ষা. ..... 5

২. রাজনৈতিক আশ্রয়প্রার্থনার নিবন্ধণ ও প্রক্রিয়ায় প্রবেশ ..... 6

২.১.রাজনৈতিক আশ্রয়প্রার্থীদেরকে প্রথম স্বাগত জানানো. ..... 6

২.২. ওয়ান উইন্ডোতে রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের আবেদনের নিবন্ধণ. ..... 7

২.২.১. প্রথম ধাপঃ প্রিফেক্সার কর্তৃক আপনার আশ্রয়ের আবেদনের নিবন্ধণ..... 7

- আপনার আশ্রয়ের আবেদনের পরীক্ষা-নিরীক্ষার জন্য দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রের অংগীকার ..... 7
- আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের যোগ্যতা..... 8
- OFPRA তে সাক্ষাৎকারের জন্য ভাষার পছন্দ..... 9
- রাজনৈতিক আশ্রয়ের আবেদনের সনদ ইস্যু ..... 9
- রাজনৈতিক আশ্রয়ের কারণ ছাড়া থাকতে প্রবেশাধিকারের আবেদনের সম্ভাব্যতা. ..... 11

২.২.২. দ্বিতীয় ধাপঃ OFII কর্তৃক প্রয়োজনীয়তা নিরুপণ এবং দায়িত্ব গ্রহণ ..... 11

- সিংগেল উইন্ডো আপনার প্রয়োজনগুলি বিবেচনায় নেয়. ..... 11
- সেবা প্রদান ..... 11

২.৩ ওয়ান উইন্ডো সেবায় রুপান্তরের পর সহায়তা..... 12

৩. রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার জন্য শর্তসমূহ ..... 13

৩.১. ফ্রেঞ্চ অফিস ফর প্রোটেকশন অফ দি রিফিউজিস এন্ড স্টেটলেস পার্সন্স (OFPRA) এর পরীক্ষা..... 13

- OFPRA ফর্ম পূরণ করা. ..... 13
- OFPRA তে ফাইল পাঠানো ..... 13
- OFPRA'তে আবেদন দাখিলের প্রমাণ ..... 14
- স্বাভাবিক অথবা দ্রুত প্রক্রিয়ায় আবেদনের পরীক্ষা ..... 14
- OFPRA তে ব্যক্তিগত সাক্ষাৎকার ..... 15
- ডাক্তারী পরীক্ষা ..... 16
- OFPRA-র সিদ্ধান্ত ..... 16
- OFPRA'র সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন. ..... 18
- OFPRA'র সিদ্ধান্ত জানানোর পরপরই এটি চালিয়ে যাওয়ার রাখার অধিকারের অবসান. 18

৩.২. ন্যাশনাল কোর্ট ফর দি রাইট অফ অ্যাসাইলাম (CNDA) এর পরীক্ষা ..... 18

- আবেদনের সময়সীমা. ..... 19
- আইনজীবির সহযোগিতা..... 19
- সাহায্য নেওয়ার চেষ্টা ..... 20
- আবেদনের প্রাপ্তি স্বীকার..... 21
- আবেদন সাসপেনসিভ হওয়া বা ঝুলে যাওয়ার ধরণ ..... 21
- CNDA তে শুনানী..... 22
- CNDA'র সিদ্ধান্ত ..... 23
- CNDA 'র সিদ্ধান্ত জানানোর প্রেক্ষিতে এটি চালিয়ে যাওয়ার অধিকারের অবসান ..... 23

৩.৩. পূর্বে বন্ধ হওয়া রাজনৈতিক আশ্রয়ের আবেদন পুনরায় চালু..... 23

৩.৪. পুনর্বিবেচনা ..... 24

৪. আবেদনকারির প্রারম্ভিকবস্তুগত সুবিধাদির অবস্থা ও তার অধিকার ....................................25

৪.১. রাজনৈতিক আশ্রয়প্রার্থীর আবাসন. ............................................................................................25
- আবাসনের জায়গাগুলো ............................................................................................ 25
- আবাসনের বিষয়ে পরিচিত হওয়া........................................................................................ 26
- আবাসনে ভর্তি হওয়া ও আবাসন ত্যাগ করা ............................................................................ 26

৪.২. রাজনৈতিক আশ্রয়প্রার্থীর ভাতা(ADA).. .....................................................................................26
- এ থেকে লাভবান হওয়ার শর্তাদি..................................................................................... 27
- অনুরোধের ফলাফল ................................................................................................. 27
- ভাতার পরিমাণ................................................................................................... 28
- অর্থ প্রদান......................................................................................................... 28
- সাহায্য নেওয়ার চেষ্টা ............................................................................................. 28

৪.৩. শিক্ষার সুযোগ. ..........................................................................................................29

৪.৪. স্বাস্থ্য সেবার সুযোগ. ...................................................................................................29
- চিকিৎসা কোথায় মিলবে?.........................................................................................29
- আপনার স্বাস্থ্য সেবার ব্যয় মেটাতে আর্থিক সুবিধা কিভাবে মিলবে?........................................................................................ 30

৪.৫. শ্রম বাজারের সুবিধা. .....................................................................................................31

৫. এদেশে অবস্থানের অধিকারের ক্ষেত্রে আশ্রয়প্রার্থনার আবেদন খারিজ হলে তার পরিনাম..... 32

৫.১. OFPRA অথবা CNDAতে খারিজের সিদ্ধান্ত . .....................................................................32
- OFPRA'র সিদ্ধান্ত জানানোর পরপরই এটি চালিয়ে যাওয়ার অধিকারের অবসান............ 33
- CNDA'র সিদ্ধান্ত পড়া বা জানানোর পরপরই এটি চালিয়ে যাওয়ার অধিকারের অবসান ........................................................................................ 35

৫.২.মূল দেশে সহযোগিতা নিয়ে ফিরে যাওয়া. ....................................................................35

৫.৩. মুল দেশে বলপূর্বক ফেরৎ পাঠানো .............................................................................36

৬. সুরক্ষা নিচ্ছেন এমন ব্যক্তিদের অধিকার.............................................................37

৬.১. ফ্রান্সে অবস্থান...........................................................................................................37

৬.২. পরিবারের থাকা ..........................................................................................................37
- আপনার পরিবারের সদস্যদের বসবাসের অধিকা. .......................................................... 37
- পরিবারের সংগে একত্রিত হওয়ার অধিকার. ................................................................. 38

৬.৩. একত্রিত হওয়া...........................................................................................................39
- ফ্রেঞ্চ অফিস ফর ইমিগ্রেশন এন্ড ইন্টিগ্রেশন(OFII) এর সংগে রিপাবলিকান ইন্টিগ্রশন চুক্তি সই .............................................................................. ...................................39

৬.৪. সামাজিক অধিকার ......................................................................................................39
- আবাসনের সুযোগ................................................................................................ 39
- শ্রম বাজারের সুযোগ. ............................................................................................ 39
- স্বাস্থ্য সেবার সুযোগ. ............................................................................................ 40
- সামাজিক ও পারিবারিক ভাতা.................................................................................... 40

৬.৫.বিদেশে ভ্রমণ. ..............................................................................................................41

৬.৬. **নাগরিকত্ব পাওয়ার প্রক্রিয়া.** ........ **42**

৬.৭. **সুরক্ষা বাতিল করা** ........ **42**

সংযোজনী: প্রয়োজনীয় ঠিকানা........ **43**

**১.জাতিয় ঠিকানা** ........ **43**

- প্রতিষ্ঠান ........ 43
- আন্তর্জাতিক সংস্থা........ 43
- সমিতি ........ 43

**২. স্থানীয় ঠিকানা** ........ **47**

- ওয়ান -উইন্ডো........ 45
- প্রিফেক্সার........ 46
- ফ্রেঞ্চ অফিস ফর ইমিগ্রেশন এন্ড ইন্টিগ্রেশন( OFII) এর আঞ্চলিক অধিদপ্তর ........ 54

## ১. সুরক্ষার বিভিন্ন ধরণ

যখন আপনি রাজনৈতিক আশ্রয় পেতে ও এর পরীক্ষার জন্য আবেদন করবেন তখন এটি ফ্রান্সের দায়িত্বের মধ্যে পড়ে। আপনার আবেদন ফ্রেঞ্চ অফিস ফর দি প্রোটেকশন অব রিফিউজি এন্ড স্টেটলেস পার্সন্স (OFPRA) নামের সুরক্ষা কর্তৃপক্ষ খতিয়ে দেখবে। এরা রাজনৈতিক আশ্রয়ের অধিকারের জাতিয় আদালত (CNDA)'র বিচারিক নিয়ন্ত্রণের মধ্যে থেকে এই কাজটি করবে।

রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষা শেষে সুরক্ষা কর্তৃপক্ষ আপনাকে রাজনৈতিক আশ্রয় মঞ্জুর করতে পারে। সেক্ষেত্রে আপনি হয় শরণার্থী হিসেবে বিবেচিত হবেন অথবা আপনাকে সহায়ক সুরক্ষা মঞ্জুর করা হবে।

### ১.১ শরণার্থী মর্যাদা

তিন ভিত্তিতে শরণার্থীর মর্যাদা দেওয়া হতে পারেঃ

- **জেনেভা সনদ।** ১৯৫১ সালের ২৮ জুলাই স্বাক্ষরিত এই সনদে শরণার্থীদের মর্যাদার বিষয়টি উল্লেখ আছে। "কোনো ব্যক্তি শরণার্থীর মর্যাদা পাবেন যখন তিনি (....) বর্ণ, ধর্ম, জাতিয়তা, কোন বিশেষ রাজনৈতিক মতাদর্শ বা সামাজিক গোষ্ঠির সদস্য হওয়ার কারণে নিগৃহিত হওয়ার ভয়ে থাকবেন, তিনি তার নিজের জাতিয়তার দেশের বাইরে থাকবেন, এবং অসমর্থ হবেন অথবা, এ ধরণের ভয়ের কারণে, সেই রাষ্ট্রের সুরক্ষার সুযোগ নিতে অনিচ্ছুক হবেন" ।
- **তথাকথিত "সাংবিধানিক" রাজনৈতিক আশ্রয়,** যেটি ১৯৪৬ এর সংবিধানের প্রস্তাবনার অনুচ্ছেদ ৪ এ বর্ণিত আছে। শরণার্থীর মর্যাদা দেওয়া হবে যখন "কোন ব্যক্তি তার স্বাধীনতার পক্ষে তার কর্মকান্ডের জন্য নিগৃহিত হবেন" ।
- **জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা (UNHCR) এর ক্ষমতাঃ** যদি আপনি UNHCR এর বিধিবদ্ধ আইনের ৬ ও ৭ নম্বর অনুচ্ছেদের ভিত্তিতে এই সংস্থা কর্তৃক শরণার্থী হিসেবে স্বীকৃত হন।

### ১.২ সহায়ক সুরক্ষা

কোন ব্যক্তি সহায়ক সুরক্ষা পাবেন যদি তিনি শরণার্থী হিসেবে বিবেচিত হওয়ার শর্ত পূরণ না করলেও তার ক্ষেত্রে এটা বিশ্বাস করার পর্যাপ্ত ও প্রমাণিত কারণ থাকবে যে তিনি অরক্ষিত এবং তার নিজ দেশে, নিম্নোক্ত যে কোন একটি মারাত্মক ক্ষতির শিকার হওয়ার ঝুঁকিতে থাকবেন:

- মৃত্যুদন্ডাদেশ বা মৃত্যুদন্ড কার্যকরীকরণ;
- নির্যাতন অথবা অমানবিক বা অমর্যাদাকর আচরণ অথবা শাস্তি;
- বেসামরিক নাগরিকের ক্ষেত্রে, নিজের জীবনের প্রতি মারাত্মক এবং একক হুমকি অথবা সহিংশতার কারণে কোন ব্যক্তির প্রতি হুমকি যেটি ব্যক্তিগত পরিস্থিতি ছাপিয়ে অভ্যন্তরীন অথবা আন্তর্জাতিক সশস্ত্র সংঘাতজ্নিত উদ্ভুত পরিস্থিত্রি কারণে অনেকের প্রতি হতে পারে।

**রাষ্ট্রহীন মর্যাদা**

রাষ্ট্রহীন ব্যক্তিদের মর্যাদার সংগে সম্পর্কিত ১৯৫৪ সালের ২৮ সেপ্টেম্বরের নিউ ইয়র্ক সনদের আওতায় সেই ব্যক্তিকে রাষ্ট্রহীন মর্যাদা দেওয়া হবে "যাকে কোনো রাষ্ট্রই তার আইনের আওতায় নাগরিক হিসেবে বিবেচনা করবে না" ।

এই মর্যাদা উপরে উল্লিখিত অন্য দুটি সুরক্ষার ধরণ থেকে আলাদা এবং রাজনৈতিক আশ্রয় প্রার্থনার প্রক্রিয়ার মধ্যে পড়বে না। কাজেই আপনার উচিৎ হবে প্রিফেক্চার বরাবর আবেদন না করা, বরং সরাসরি OFPRA বরাবর আবেদন করা। এক্ষেত্রে OFPRA আপনার আবেদন পরীক্ষা নিরীক্ষা করে প্রশাসনিক আদালতের বিচারিক নিয়ন্ত্রণের আওতায় আপনাকে এই মর্যাদা দিতে পারে।

# ২. এই প্রক্রিয়ার সুযোগ ও রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধন

ফ্রান্সে রাজনৈতিক আশ্রয়ের আবেদন দাখিলের জন্য, আপনাকে প্রথমে ফাস্ট রিসেপশন স্ট্রাকচার ফর এসাইলাম সিকার্স (SPADA) এর সংগে যোগাযোগ করতে হবে। যারা আপনাকে রাজনৈতিক আশ্রয়ের আবেদনের প্রক্রিয়া সম্পর্কে জানাবে এবং আপনার অঞ্চলের জন্য নির্ধারিত একটি কাউন্টারে আপনাকে সাক্ষাৎকারের ব্যবস্থা করেবে।

এই ওয়ান স্টপ কাউন্টার আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধন করাবে, আপনার জন্য উপযুক্ত প্রক্রিয়া ঠিক করে দেবে, আপনার সমস্যা নিরুপণ করবে এবং, নির্দ্রিষ্ট কিছু ক্ষেত্রে আপনার জন্য প্রারম্ভিক বস্তুগত সুবিধার বরাদ্দ দেবে (আবাসন, রাজনৈতিক আশ্রয়প্রার্থী)

**কোন পরিস্থিতিতে আপনি রাজনৈতিক আশ্রয়ের আবেদন করতে পারবেন?**

আপনি নিয়মিত অথবা অনিয়মিত যে অবস্থানে থাকুন যে কোনো পরিস্থিতিতে বাসস্থান পাওয়ার ক্ষেত্রে আপনি রাজনৈতিক আশ্রয়ের আবেদন করতে পারেন। আপনি ফ্রান্সে অবৈধভাবে প্রবেশ করলেও আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধনের ক্ষেত্রে সেটি কোনো বাধা হবেনা।

তবে সুপারিশ হচ্ছে, আপনি ফ্রান্সে ঢোকার পরপরই এ দেশে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধন করাবেন, এমনকি আপনি ফ্রান্সে বৈধ ভিসা নিয়ে প্রবেশ করলেও এটি করবেন। ফ্রান্সে ঢোকার ৯০ দিনের মধ্যে আবেদন না করলে আপনার আবেদন আগ্রাহ্য হতে পারে।

## ২.১. রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের প্রথম অভ্যর্থনা

সিংগেল উইন্ডো ফর অ্যাসাইলাম সিকার্স (GUDA) এ যাওয়ার আগে আপনি অবশ্যই ফাস্ট রিসেপশন স্ট্রাকচার ফর অ্যাসাইলাম সিকার্স (SPADA)এ যাবেন। নীতিগতভাবে এসোসিয়েশনের ব্যবস্থাপনায় পরিচালিত এই প্রথম অভ্যর্থনা কাঠামোর দায়িত্ব হচ্ছে রাজনৈতিক আশ্রয় প্রক্রিয়া শুরু করার সুযোগ পেতে আপনার প্রচেষ্টায় আপনাকে সহায়তা দেয়া।

প্রথম অভ্যর্থনার কাজে নিযুক্ত ব্যক্তি বা অপারেটর যেসব দায়িত্বপ্রাপ্ত:

- রাজনৈতিক আশ্রয়ের প্রক্রিয়ার বিষয়ে আপনাকে অবহিত করা;
- আপনার সার্বিক অবস্থা জেনে আপনাকে রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধনের জন্য একটি অন লাইন ফর্ম দেওয়া;
- ওয়ান উইন্ডোতে সাক্ষাৎ নেওয়ার জন্য আপনাকে তলব করা। আপনাকে এই ওয়ান স্টপ শপের স্থান, দিন ও সময় জানানো হবে যখন আপনি অবশ্যই সেখানে যাবেন। সাধারণভাবে অপারেটর এর কাছে উপস্থাপনের ৩ দিনের মধ্যেই এই সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। তবে ভিড় বেশি থাকলে এটি ১০ দিন পর্যন্ত বাড়ানো হতে পারে;
- ওয়ান স্টপ শপে আপনাকে পরিচয় নির্ধারক ফটোগ্রাফ সঙ্গে নিয়ে আসতে হতে পারে।

আপনার সমুদয় ফাইল ইলেকট্রনিক পদ্ধতির মাধ্যমে ওয়ান স্টপ শপে পাঠানো হবে।

দৃষ্টি আকর্ষণ: আপনি অবশ্যই সভার নোটিশে যে দিন ও তারিখ উল্লেখ করা আছে সেটি মেনে চলবেন। এর ব্যতয় হলে আপনাকে গ্রহণ করা হবে না। সেক্ষেত্রে আপনাকে পুনরায় নতুন সাক্ষাৎকারের জন্য সময় পেতে প্রথম অভ্যর্থনা ফ্যাসিলিটিতে ফিরে যেতে হবে।

মনে রাখবেন, ওয়ান-স্টপ শপে নিবন্ধন করেও যদি অ্যাসাইলাম সিকার্স'স রিসেপশন সেন্টার (CADA) অথবা অন্য যে কোনো প্রতিষ্ঠিত আবাসন অবকাঠামোতে আপনার থাকার সুযোগ না হয়, সেক্ষেত্রে আবাসনের জন্য SPADA তে নিবন্ধন করাতে পারেন (ধারা ২.২.১ এর "কিভাবে আপনার আবাসন যৌক্তিক করতে পারেন? অনুচ্ছেদ দেখুন।

## ২.২. ওয়ান উইন্ডো'তে রাজনৈতিক আশ্রয়ের আবেদনের নিবন্ধন.

আপনার প্রতি জারি করা SPADA'র সমন মোতাবেক রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধন করতে আপনাকে অবশ্যই ওয়ান উইন্ডো'তে যেতে হবে। (দেখুন ২.১)

আপনার সুরক্ষা নিশ্চিত করতে ওয়ান স্টপ শপ প্রিফেক্চার এবং ফ্রেঞ্চ অফিস ফর ইমিগ্রেশন এন্ড ইন্টিগ্রেশন (OFII) এর কর্মকর্তাদের নিয়ে গঠিত।

এখানে মেট্রোপলিটন এলাকার সর্বত্র ৩৩টি একক যোগাযোগের পয়েন্ট রয়েছে। (আপনি পরিশিষ্ট এর তালিকা দেখে তাদের সঙ্গে কথা বলতে পারেন) ।

ওয়ান স্টপ শপে অনুষ্ঠিত সভা দুই পর্যায়ে বিভক্ত:

- প্রথম ধাপে প্রিফেক্চা কর্মকর্তাদের সংগে। যেটি হবে আপনার আবেদনের নিবন্ধনের বিষয়ে (২.২.১);
- দ্বিতীয় ধাপে OFII এজেন্টদের সংগে। যেখানে আপনার বিশেষ প্রয়োজনীয়তাগুলো খতিয়ে দেখা হবে এবং আপনাকে যে সেবা দেওয়া হবে তার ধরণ ঠিক করে দেওয়া হবে (২.২.২) ।

**রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধনের জন্য আপনার ডাক যোগাযোগের ঠিকানা দরকার কি না**?
রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধনের জন্য আপনার সরাসরি ডেবিট (ডাক ঠিকানা) থাকার প্রয়োজন নেই।
অবশ্য, আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ নবায়নের জন্য আপনার এটার দরকার হবে। (দেখুন ২.২.১ ধারা "রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ প্রকাশ") ।

### ২.২.১. প্রথম পদক্ষেপঃ প্রিফেক্চার কর্তৃক আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের নিবন্ধন।

**আপনার সংগে কি আপনার নাবালিক শিশু আছে?**

আপনার সঙ্গে যদি আপনার নাবালক শিশু থাকে, সেক্ষেত্রে তারাও রাজনৈতিক আশ্রয়প্রার্থী হিসেবে বিবেচিত হবে এবং আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের সনদে তাদের নাম উল্লেখ থাকবে। যদি স্বামী ও স্ত্রী উভয়েই রাজনৈতিক আশ্রয়প্রার্থী হয়ে থাকেন, সেক্ষেত্রে নাবালক শিশু তার মায়ের সনদে নিবন্ধিত হবে। যেটি পুরো প্রক্রিয়াতেই রেফারেন্স প্যারেন্ট হিসেবে বিবেচিত হবে। এই সনদটি আপনার পরিবারের পুরো গঠন নির্দেশ করেনা, বরং এটাকে চলমান রাজনৈতিক আশ্রয়ের আবেদন হিসেবেই গণ্য করা হবে।

### ■ আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্র নির্ধারণ

প্রথম অভ্যর্থনা কেন্দ্র থেকে ওয়ান স্টপ শপে পাঠানো যাবতীয় তথ্যাদি যাচাই করার পর প্রিফেক্চার কর্মকর্তা ঠিক করবেন ফ্রান্স আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষা করবে কিনা।

আপনার বয়স ১৪ বা তার অধিক হলে ঐ কর্মকর্তা আপনার হাতের দশ আঙ্গুলের ছাপ নেবেন এবং আপনি যে মুল দেশ থেকে এসেছেন সেটি সনাক্ত করতে, এবং অন্য কোনো সদস্য রাষ্ট্রে আপনার কেউ থাকলে বা কোনো পারিবারিক যোগসূত্র থেকে থাকলে সেটি প্রতিষ্ঠিত করবেন।

কোন রাষ্ট্র আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষা করবে সেটি নির্ধারিত হবে ২৬ জুন ২০১৩ সালে প্রণীত ইউরোপিয় পার্লামেন্ট এবং পরিষদের এর প্রবিধান নং ৬০৪/২০১৩ মোতাবেক, যেটি réglement Dublin III হিসেবেও পরিচিত। এই রেগুলেশনের ওপর ভিত্তি করেই সব কিছু করা হয়।

**Dublin III (ডাবলিন III) স্কীম এর সংগে সংশ্লিষ্ট রাষ্ট্রসমূহ**

ইউরোপিয় ইউনিয়নের ২৮টি সদস্য রাষ্ট্র আছে: অস্ট্রিয়া, বেলজিয়াম, বুলগেরিয়া, ক্রোয়েশিয়া, সাইপ্রাস, চেক রিপাবলিক, ডেনমার্ক*, এস্তোনিয়া, ফিনল্যান্ড, ফ্রান্স, জার্মানি, গ্রীস, হাংগেরী, আয়ারল্যান্ড, ইতালি, লাতভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, মাল্টা, নেদারল্যান্ড, পোলান্ড, পর্তুগাল, রোমানিয়া, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, স্পেন, সুইডেন এবং যুক্তরাজ্য ও চারটি সহযোগি রাষ্ট্র আইসল্যান্ড, নরওয়ে, সুইজারল্যান্ড ও লিচেনস্টাইন।

*ডেনমার্কের ক্ষেত্রে Réglement Dublin III (ডাবলিন III প্রবিধান) প্রযোজ্য হবেনা। কিন্তু দেশটি ১৫ জুন, ১৯৯০ সালে স্বাক্ষরিত ডাবলিন কনভেনশনের জন্য আবেদন করে যাচ্ছে।

**বাস্তবে, ফ্রান্স ছাড়া ইউরোপিয় ইউনিয়নভুক্ত অন্য যে কোন রাষ্ট্র আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষা করতে পারে। যেমন:**

- যদি অন্য কোনো সদস্য রাষ্ট্র আপনাকে বৈধ বসবাসের অনুমতিপত্র বা ভিসা দেয়;
- যদি প্রমাণ হয় যে আপনি অবৈধভাবে স্থল, আকাশ বা সাগরপথে অন্য কোনো সদস্য রাষ্ট্রের সীমানা অতিক্রম করেছেন;
- আপনি যদি এমন কোন সদস্য রাষ্ট্রের সীমানা অতিক্রম করে ইউরোপিয় ইউনিয়নের ভুখন্ডে ঢোকেন যেখানে আপনার ভিসার প্রয়োজন হয়নি;
- আপনি যদি ইতিমধ্যে অন্য একটি সদস্য রাষ্ট্রে রাজনৈতিক আশ্রয়ের জন্য আবেদন করে থাকেন।

**আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের পরীক্ষা কি অন্য সদস্য রাষ্ট্রের দায়িত্বের মধ্যে পড়ে ?**

তথাকথিত "Dublin III" প্রক্রিয়া বাস্তবায়িত হচ্ছে। প্রিফেক্সার রাষ্ট্রকে আপনার দেখাশুনা করতে বলবে। এরপর আপনাকে এক মাস মেয়াদী রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ দেওয়া হবে। এটি পরবর্তি ৪ মাসের জন্য নবায়নযোগ্য। এর ফলে আপনি আপনার দায়িত্ব নেবে এমন একটি রাষ্ট্রে স্থানান্তরিত বা ট্রান্সফার না হওয়া পর্যন্ত ফরাসী ভুখন্ডে থাকার অনুমতি পাবেন।

প্রিফেক্সার এই ট্রান্সফারের ব্যবস্থা করবে। তারা আপনাকে ফ্রান্স ত্যাগের শর্ত উল্লেখপূর্বক এই ট্রান্সফারের সিদ্ধান্তটি জানাবে। আপনি ১৫ দিনের মধ্যে প্রশাসনিক আদালতে এটা চ্যালেন্জ করতে পারবেন।

## রাজনৈতিক আশ্রয়ের আবেদনের যোগ্যতা

**ফ্রান্সে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার দায়িত্ব OFPRA'র।** এটি স্বাভাবিক অথবা দ্রুত প্রক্রিয়ার মধ্যে করা হবে। দ্রুত প্রক্রিয়ার OFPRA এটি ১৫ দিনের মধ্যে সম্পন্ন করবে। যদিও উভয় প্রক্রিয়াতেই এটি নিশ্চিতভাবেই সম্পন্ন হবে।

- **দুর্টি ক্ষেত্রে আপনার আবেদন দ্রুত প্রক্রিয়ার আওতায় স্বয়ংক্রিয়ভাবেই** ওয়ান স্টপ সার্ভিস থেকে এসে যাবে:
  - যখন আপনার এমন একটি রাষ্ট্রের নাগরিকত্ব থাকবে যেটি নিরাপদ হিসেবে বিবেচিত (প্রিফেক্সার অথবা OFPRA এর ওয়েব সাইটে এসব দেশের তালিকা পাওয়া যাবে)
  - যখন আপনি প্রথম রাজনৈতিক আশ্রয়ের আবেদন করেছেন যেটি নিশ্চিতভাবেই বাতিল হয়েছে এবং আপনি আপনার আবেদন পুনর্বিবেনার অনুরোধ করেছেন।

- নিম্নোক্ত ক্ষেত্রসমূহে ওয়ান স্টপ শপ থেকে আসা **আপনার অনুরোধ দ্রুত প্রক্রিয়ার অধীনে নেওয়া হতে পারে**:
  - আপনি যদি আপনার আংগুলের ছাপ দিতে না চান;
  - আপনি যদি মিথ্যা কাগজপত্র দিয়ে, মিথ্যা তথ্য দিয়ে অথবা কতিপয় তথ্য গোপন করে কর্তৃপক্ষকে বিভ্রান্ত করেন;
  - আপনি যদি ভিন্ন পরিচয় দিয়ে কয়েকটি অনুরোধ করে থাকেন;
  - আপনি যদি ফ্রান্সে প্রবেশের পর দেরী করে রাজনৈতিক আশ্রয়ের আবেদন করেন (ফ্রান্সের ক্ষেত্রে ৯০ দিন এবং ফ্রেঞ্চ গিয়ানার ক্ষেত্রে ৬০ দিনের বেশি)
  - আপনি যদি শুধু বিতাড়নের আদেশ ঠেকাতে রাজনৈতিক আশ্রয় চান;
  - যদি আপনার উপস্থিতি জন-শৃংখলা, জন-নিরাপত্তা অথবা রাষ্ট্রিয় নিরাপত্তার জন্য হুমকি হয়।

সাধারণ ও দ্রুত প্রক্রিয়ার আওতায় নিবন্ধনকালীন সময় OFPRA আবেদন পুনরায় শ্রেণীবিভাগ করতে পারে। শুধু সরকারি নীতিমালার আওতায় দ্রুত প্রক্রিয়ায় আবেদন বিবেচনার ক্ষেত্রে এর ব্যতিক্রম হবে।

যদি আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন দ্রুত প্রক্রিয়ার আওতায় রাখা হয়, সেক্ষেত্রে আপনাকে কয়েক কপি তথ্যের নোটিশ দেওয়া হবে। আপনার প্রতি পরামর্শ হচ্ছে, OFPRA'র সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন করার সময় আপনি এক কপি আবেদন OFPRA কে দেবেন, এবং অন্য এক কপি CNDA কে দেবেন।

**বিশেষ ক্ষেত্রঃ আপনি কি বিতাড়ন আদেশের মুখে রয়েছেন বিতাড়নের আদেশ না আদালতের আদেশ?**

বাস্তবে, বিতাড়ন আদেশের অধীনে থাকলেও রাজনৈতিক আশ্রয়ের আবেদনের নিবন্ধন আটকে থাকবে না।

যদি আপনার আবেদনের পরীক্ষার বিষয়টি ফ্রান্সের দায়িত্বের মধ্যে থাকে, সেক্ষেত্রে আপনাকে গৃহবন্দি করা হতে পারে অথবা আটক রাখা হতে পারে।

এই ক্ষেত্রে, আপনার গৃহবন্দীত্ব অথবা আটকাবস্থার প্রেক্ষিতে OFPRA আপনার আবেদন অল্প সময়ের মধ্যে পরীক্ষা করবে (৯৬ ঘন্টা) । আবেদন বাতিল বা আগ্রাহ্য হলে, আপনি এই দেশে থাকার অধিকার হারাবেন। আপনার বিতাড়ন আদেশের বাস্তবায়ন স্থগিত করতে আপনি ৪৮ ঘন্টার মধ্যে প্রশাসনিক বিচারক বরাবর আর্জি জানাতে পারেন। এখানে CNDA আপনার আবেদন পরীক্ষা করবে। (ধারা ৫.১ দেখুন)।

## ■ OFPRA তে সাক্ষাৎকারের ভাষা পছন্দ করা।

**ফ্রান্স আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের পরীক্ষা করলে,** সেক্ষেত্রে কিছু ব্যতিক্রম ছাড়া আপনি OFPRA'র কাছে লিখিত আবেদন করার পর OFPRA ব্যক্তিগত সাক্ষাৎকার নিয়ে আপনার শুনানী নেবে।

রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধনের সময় আপনি OFPRA'র কাছে যে ভাষায় সাক্ষাৎকার দেবেন সেটি বাছাই করবেন। OFPRA তে যেসব ভাষায় শুনানীর সুযোগ আছে সেটি জানিয়ে আপনাকে নোটিশ দেওয়া হবে। সেখানে ১১৫টি ভাষার ব্যবস্থা রয়েছে। পরবর্তীতে আপনি এই ভাষা পরিবর্তন করতে পারবেন না এবং পুরো প্রক্রিয়া চলাকালীন সময়ে এই ভাষাটি বহাল থাকবে।

আপনি যদি ইনফরমেশন লিফলেটে উল্লেখ করা ভাষাসমূহের কোনোটিরই উল্লেখ না করেন সেক্ষেত্রে আপনাকে সেই ভাষায় সাক্ষাৎকার নেওয়া হবে যেটিতে আপনার পর্যাপ্ত জ্ঞান আছে।

আপনি যদি আপনার রাজনৈতিক আশ্রয় প্রক্রিয়া চলাকালে ভাষা পছন্দের ব্যাপারে আপত্তি দিতে চান, সেক্ষেত্রে আপনাকে রাজনৈতিক আশ্রয়ের আবেদনের বিষয়ে OFPRA এর সিদ্ধান্তের বিরুদ্ধে CNDA তে আবেদন দাখিল করতে হবে।

**দৃষ্টি আকর্ষন:** OFPRAতে সাক্ষাৎকারের সময় এবং এর ধরণটা হচ্ছে এখানে কোনো একটা ভাষার ওপর ভাসা-ভাসা দখল থাকলে চলবেনা। গুরুত্বপূর্ণ হচ্ছে, আপনি যে ভাষাটি বেছে নেবেন সেটি আপনাকে বুঝতে হবে এবং সেই ভাষায় নিজেকে প্রকাশ করতে হবে।

## ■ রাজনৈতিক আশ্রয়ের আবেদনের সনদ জারি

কোন্ রাষ্ট্র আপনার আবেদন পরীক্ষা করবে এবং আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রক্রিয়ার যোগ্যতা কেমন হবে সেটি নির্ধারণের পর আপনাকে রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ দেওয়া হবে।

**আপনার আবেদন পরীক্ষার দায়িত্ব কোন সদস্য রাষ্ট্রের ওপর পড়ার সম্ভাবনা থাকলে,** সেক্ষেত্রে প্রথম সনদের মেয়াদকাল হবে এক মাস। এটি চার মাসের জন্য নবায়ন করা হয়। (২.২.১ ধারা দেখুন- "আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার দায়িত্ব কোন রাষ্ট্র পাবে তা নির্ধারণ")

**ফ্রান্স আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষা করলে,** আপনাকে এক মাস মেয়াদের একটি প্রথম রাজনৈতিক আশ্রয়েরে আবেদন সনদ দেওয়া হবে। এই সনদটির মেয়াদ থাকবেঃ
-স্বাভাবিক প্রক্রিয়ায় আপনার আবেদন পরীক্ষা করা হলে এই মেয়াদ দশ মাস;
-দ্রুত প্রক্রিয়ায় আবেদন পরীক্ষা করা হলে এই মেয়াদ ছয় মাসকাল।

নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে প্রিফেক্সার রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ দিতে অস্বীকৃতি জানাতে পারেঃ

- সিদ্ধান্ত পুনর্বিবেচনার আগের অনুরোধ বাতিল হলে আপনি নতুন করে অনুরোধ করলে (দেখুন ৩.৪);
- চূড়ান্ত সিদ্ধান্তে আপনাকে আপনার নিজের দেশ ছাড়া অন্য কোন দেশে হস্তান্তর করা হতে পারে অথবা ইউরোপের গ্রেপ্তারী পরওয়ানা দিয়ে আপনাকে গ্রেপ্তার করা হতে পারে অথবা আন্তর্জাতিক ক্রিমিনাল কোর্টে আপনাকে আত্মসমর্পন করতে বলা হতে পারে।

প্রিফেক্সার আপনাকে যে রাজনৈতিক আশ্রয়ের আবেদন ফর্ম দেবে, সনদ ইস্যুর ২১ দিনের মধ্যে (পুনরায় শুরু করা বা পুর্নবিবেচনার অনুরোধের ক্ষেত্রে ৮ দিন) আপনি সেটি OFPRA কে পাঠাবেন (দেখুন ৩.১ "OFPRA কর্তৃক পরীক্ষা) । আপনার আবেদন সম্পূর্ন হলে, OFPRA চিঠি দিয়ে আপনাকে জানাবে।

রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ নবায়ন করতে আপনাকে অবশ্যই আপনার বাসস্থানের প্রিফেক্সারে যেতে হবে। স্বাভাবিক ও দ্রুত উভয় প্রক্রিয়াতেই আপনার সনদ ছয় মাস মেয়াদের জন্য নবায়ন করা হয়।

প্রিফেক্সারের অনুরোধক্রমে প্রতিবার নবায়নের ক্ষেত্রে, আপনাকে অবশ্যই স্থায়ী নিবাসের ঠিকানার প্রমাণাদিসহ কাগজপত্র দাখিল করতে হবে। আপনি যে CNDAতে আবেদন করেছেন সেটির সত্যতা যাচাই করতে, আপনাকে অবশ্যই আবদনের রশিদের নোটিশ দাখিল করতে হবে (ধারা ৩.২ এ দেখুন "ন্যাশনাল কোর্ট অব দি রাইট অব অ্যাসাইলাম" কর্তৃক পরীক্ষা)

**আপনি কিভাবে আপনার বাসস্থানের প্রমাণ দেবেন?**

১ জানুয়ারী ২০১৯ সালের পর রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবেন্ধন করা হলে, আপনি নিম্নোক্ত উপায়ে আপনার বাসস্থানের প্রমাণ দেবেন:

- আপনাকে যদি বাসস্থানের ঘোষনা দিয়ে রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের অভ্যর্থনা কেন্দ্রে রাখা হয় অথবা অন্য কোন আবাসন অবকাঠামোতে রাখা হয় যেখানে স্থায়ী রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের রাখা হচ্ছে (হোটেল ছাড়া);

-যদি এমন বাড়িতে থাকেন যেটির মালিক আপনি অথবা আপনি ভাড়াটিয়া অথবা এমন বাড়িতে যেটির মালিক/ইজারাগ্রহিতা আপনার স্পাউস/ পুত্র-কন্যা/উত্তরাধিকার। এক্ষেত্রে বাসস্থানের প্রমাণ দাখিল করতে হবে;

- অন্য ক্ষেত্রে, আপনাকে প্রথম অভ্যর্থনা কেন্দ্রে বাস করতে হবে যেটি এই উদ্দেশ্যে অনুমোদিত এবং বাসস্থানের ঘোষনা থাকতে হবে (২.১ দেখুন) ।

১ জানুয়ারি, ২০১৯ সালের আগে নিবন্ধিত রাজনৈতিক আশ্রয়ের আবেদনের ক্ষেত্রে আপনি উপরে উল্লিখিত যে কোন ধরণের বাসস্থানে থাকতে পারেন, এ ছাড়াও, প্রয়োজনে তৃতীয় কোন পক্ষের সংগে থাকতে পারেন।

আপনি যতদিন এই দেশে থাকতে পারবেন ততদিন এই রাজনৈতিক আশ্রয়ের আবেদন নবায়ন করা হবে। নীতিগতভাবে, OFPRA এর সিদ্ধান্ত না জানানো পর্যন্ত অথবা, CNDA বরাবর আবেদনের ক্ষেত্রে, তাদের সিদ্ধান্ত না জানানো পর্যন্ত অথবা, এই সিদ্ধান্ত আদালতে পড়ে শোনানো পর্যন্ত, যেখানে যেটি প্রযোজ্য, তদন্তের পুরো সময়কালীন আপনার রাজনৈতিক আশ্রয় বজার রাখার অধিকার রয়েছে।
যদিও, রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ প্রত্যাহার অথবা নবায়ন করা নাও হতে পারে যদি:
- OFPRA আপনাকে আবেদন প্রত্যাখান অথবা অগ্রাহ্য করার সিদ্ধান্ত জানায়, যার ফলে আপনি এই অঞ্চলে থাকার অধিকার হারাবেন (দেখুন ৫.১ "OFPRA অথবা CNDA প্রত্যাখ্যানের সিদ্ধান্ত");
- যদি স্পষ্ট হয় যে CNDA তে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে ব্যর্থ হয়েছেন (দেখুন ৩.২ "ন্যাশনাল কোর্ট অব দি রাইট অব অ্যাসাইলাম কর্তৃক পরীক্ষা"

দৃষ্টি আকর্ষন: রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ আপনাকে ইউরোপিয় ইউনিয়নভুক্ত অন্য রাষ্ট্রসমূহে অবাধে চলাচলের অনুমতি দেবে না।

■ **রাজনৈতিক আশ্রয় ছাড়া অন্য কারণে অবস্থানের জন্য আবেদনের সম্ভাবনা।**

ফ্রান্স আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষা করলে রাজনৈতিক আশ্রয় ছাড়া অন্য কারণে এখানে বসবাসের অনুমতির জন্য আবেদন করতে পারবেন কিনা তা আপনাকে জানানো হবে।

আপনাকে তথ্য জানিয়ে নোটিশ দেওয়া হবে এবং এ ধরণের আবেদন করার সময়সীমাও আপনাকে অবহিত করা হবে। এই সময়ের পরে, যুক্তিসংগত নতুন পরিস্থিতি ছাড়া এখানে অবস্থানের জন্য আবেদন করতে পারবেন না। ,

### ২.২.২.দ্বিতীয় ধাপ: প্রয়োজনীয়তা নিরুপণ এবং OFII এর দায়িত্ব সম্পর্কে ধারণা

■ **ওয়ান উইন্ডোর মাধ্যমে আপনার সুনির্দ্রিষ্ট প্রয়োজনীয়তা বিবেচনায় নেওয়া।**

ওয়ান স্টপ শপে আপনার ভিজিটকালিন সময়ে এবং প্রিফেক্সারে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধনের পর, আপনার বিষয়টি খতিয়ে দেখতে OFII এর একজন এজেন্ট আপনাকে ব্যক্তিগত ভাবে সাক্ষাৎকারের জন্য ডেকে নেবেন।

সাক্ষাতকারটি গোপনীয় এবং এটি আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের ক্ষেত্রে সমস্যা হবেনা। আপনার জন্য সুনির্দ্রিষ্ট অভ্যর্থনার পরিবেশ প্রয়োজন কিনা তা নিরুপণ করতে আপনাকে কিছু প্রশ্ন করা হবে। প্রয়োজনে, OFII এর এজেন্ট বিষয়গুলো বিবেচনায় নিয়ে আপনার অনুকুল আবাসনের ব্যবস্থা করতে সহায়তা দিতে পারে।

আপনি প্রশ্নমালার জবাব দিতেও পারেন, নাও পারেন। জবাব না দিতে চাইলে, সেক্ষেত্রে আপনার আবাসনের প্রয়োজনীয়তার বিষয়টি প্রশাসন উল্লেখ নাও করতে পারে, অথবা তারা আপনার অবস্থা সম্পর্কে OFPRA কেও না জানাতে পারে, সেক্ষেত্রে প্রশাসনকে দায়ি করা যাবেনা।

ফ্রান্সে আসার সময় আপনার সঙ্গে মেডিকেল ফাইল থাকলে, সেক্ষেত্রে আপনার ফাইলটি একটি গোপনীয় খামে ভরে OFII এর এজেন্ট OFII এর চিকিৎসকের কাছে পাঠাবেন যিনি সিদ্ধান্ত নেবেন আপনাকে অভ্যর্থনা কেন্দ্রের উপযোগী করতে হবে কিনা। আপনি অসুস্থ থাক, আপনাকে স্বাস্থ্য সেবা কেন্দ্রে পাঠানো হবে, অথবা নিকটবর্তী কোনো হাসপাতালের জরুরী বিভাগে পাঠানো হবে।

OFII এর এজেন্ট যদি আপনার মধ্যে কোন শারিরীক দূর্বলতা বা অসুবিধা খুঁজে পান, সেক্ষেত্রে তিনি, আপনার সম্মতিক্রমে, বিষয়টি OFPRA কে জানাতে পারেন। এ ধরণের তথ্য নেওয়ার উদ্দেশ্য হচ্ছে, প্রয়োজন পড়লে সেই পরিবেশের উপযোগী করা যেখানে OFPRA আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষা করতে পারে (উদাহরনস্বরুপ, শারিরীক অক্ষমতা সম্পন্ন কাউকে কিছু সুযোগ করে দেওয়া, অথবা ইশারা ভাষা জানে কোনো দোভাষী দেওয়া) । এক্ষেত্রে OFPRA'ই এই বিষয়টির মূল্যায়ন করবে।

যে কোন সমস্যায় সহায়তা দেওয়ার বিষয়টি রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার গোটা সময়কালেই বিবেচনায় নেওয়া হয়। যেমন আবাসন সুবিধার ক্ষেত্রে সমাজকর্মীরা এটি দেখেন, অথবা প্রশাসনিক এবং সামাজিক প্রক্রিয়া চলাকালে কিছু দায়িত্বপ্রাপ্ত সংস্থা আপনার সংগে থাকেন।

■ **প্রদত্ত সুযোগ সুবিধা।**

ওয়ান-স্টপ শপে আপনার সাক্ষাৎকালে, OFII আপনাকে কিছু বস্তুগত সুবিধা দেওয়ার কথা জানাবে যেগুলো এই অঞ্চলে যতদিন আপনার রাজনৈতিক আশ্রয় পাওয়ার উদ্দেশ্যে থাকার অধিকার থাকবে ততদিন পাবেন।

আপনার পারিবারিক গঠন বিবেচনায় নিয়ে কি ধরণের প্রারম্ভিক বস্তুগত সুবিধা পাওয়ার অধিকার আপনার আছে সে বিষয়ক ডকুমেন্ট OFII আপনাকে ওয়ান স্টপ শপে দেবে। প্রক্রিয়া চলাকালে কোন নতুন শিশুর জন্ম হলে বা কোন শিশু তার বাবা-মা'র সংগে যোগ দিলে সেক্ষেত্রে OFII তার আরো কিছু বস্তুগত সুবিধার অধিকার নিশ্চিত করতে নতুন কাগজপত্র প্রকাশ করবে।

এই নির্দেশিকার চতূর্থ খন্ডে আপনার প্রাপ্য বস্তুগত সুবিধার বিষয় উল্লেখ আছে, যেমন:

- আপনি যদি এরই মধ্যে বাসস্থান সুবিধা পেয়ে না থাকেন। আপনার জন্য উল্লেখ করা সুযোগ-সুবিধা ও আবাসনের জায়গা পাওয়ার জন্য আবেদন করছেন, (দেখুন ৪.১ "রাজনৈতিক আশ্রয়প্রার্থীর আবাসন");

- আইনে রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের ভাতায় ব্যাতিক্রম আছে এমন কিছু বিষয় ছাড়া (দেখুন ৪.২ "রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের ভাতা")

কোন অঞ্চলে অভ্যর্থনা ব্যবস্থায় সংরক্ষিত সুযোগ শেষ হলে গেলে, OFII আপনাকে অন্য অঞ্চলে পাঠাতে পারে যেখানে আপনার আবেদনের পরীক্ষাকালীন সময়ে আপনাকে থাকতে হবে (দেখুন ৪.১ "রাজনৈতিক আশ্রয়প্রার্থীর আবাসন");

## ২.৩ ওয়ান উইন্ডো সার্ভিসে পরিবর্তনের পর সহায়তা

ওয়ান উইন্ডো সার্ভিস  পার হওয়ার পর আপনাকে বাসস্থানের সহায়তা দেওয়া হবে। এটি কোন রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের অভ্যর্থনা কেন্দ্র (CADA)  অথবা হোটেল নয় এমন তথাকথিত স্থায়ী জরুরী আবাসন কেন্দ্র।

আপনাকে যদি এ ধরণের থাকার জায়গা দেওয়া না হয়, সেক্ষেত্রে প্রথম অভ্যর্থনা অবকাঠামো (SPADA) আপনাকে সহায়তা দেবে, এবং OFII আপনাকে সেখানে পাঠাবে (দেখুন অনুচ্ছেদ ২.১) ।

সামাজিক, আইনী ও প্রশাসনিক সহায়তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে আপনার বাসস্থান (দেখুন অনুচ্ছেদ ২.২.১ "কিভাবে আপনার বাসস্থান প্রমাণ করবেন") এবং ফ্রান্স আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষা করলে সেক্ষেত্রে আপনি OFPRA'র কাছে ফাইল পাঠাবেন তারাই আপনার রাজনৈতিক আশ্রয়প্রার্থনার আবেদনের ফাইল প্রস্তুতে সহায়তা করবে।

দৃষ্টি আকর্ষন: আপনার নিবাস যদি SPADA তে হয়, সেক্ষেত্রে আপনি নিয়মিত আপনার চিঠি সংগ্রহ করে নেবেন। কারণ এসব চিঠিতে SPADA'র নির্দেশনা থাকে।

# ৩. রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার শর্তাদি

ফ্রান্সে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষা করবে 'ফ্রেঞ্চ অফিস ফর দি প্রোটেকশন অব রিফিউজিস এন্ড স্টেটলেস পার্সন্স' 'ন্যাশনাল কোর্ট অব অ্যাসাইলাম' এর আইনী নিয়ন্ত্রণে।

## ৩.১. ফ্রেঞ্চ অফিস ফর দি প্রোটেকশন অব রিফিউজিস এন্ড স্টেটলেস পার্সন্স'(OFPRA) কর্তৃক পরীক্ষা

রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধন করার পর প্রিফেক্সার আপনাকে যে আশ্রয়ের আবেদন ফর্ম দেবে সেটি আপনি অবশ্যই পূরণ করে OFPRA কে পাঠাবেন যাতে তারা এটি পরীক্ষা করে একটা সিদ্ধান্ত দিতে পারে।

OFPRA কোন নেতিবাচক সিদ্ধান্ত দিলে তার বিরুদ্ধে CNDA তে আবেদন করা যাবে (দেখুন ৩.২ ন্যাশনাল কোর্ট অব অ্যাসাইলাম কর্তৃক রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষা)

রাজনৈতিক আশ্রয়ের আবেদন করার সময় আপনাকে নির্দিষ্ট করে জানাতে হবেনা যে আপনি কি ধরণের সুরক্ষা চান (শরণার্থীর মর্যাদা অথবা সহায়ক সুরক্ষা)। এটি একটি একক প্রক্রিয়া যেখানে OFPRA আপনার আবেদন পরীক্ষা করবে। তারাই দেখবে আপনাকে শরণার্থীর মর্যাদা দেয়া হবে কিনা, তা না হলে দেখা হবে সহায়ক সুরক্ষা পাবেন কিনা।

### ■ OFPRA ফর্ম পূরণ করা।

**ফর্মটি ফরাসী ভাষায় পূরণ করতে হবে। এতে স্বাক্ষর দিতে হবে এবং একটি বৈধ আশ্রয়ের আবেদন সনদের ফটোকপি**, দুই কপি ফটো এবং আপনার সংগে থাকা যে কোন ভ্রমন সংক্রান্ত কাগজপত্র এর সংগে জমা দিতে হবে।

আপনার আবেদন দ্রুত প্রক্রিয়ার আওতায় থাকলে, সেক্ষেত্রে নিবন্ধনের সময় আপনাকে যে অবহিতকরণ নোটিশ দেওয়া হয়েছিলো সেটি অবশ্যই সঙ্গে দেবেন।

এই কাগজপত্রগুলি OFPRA তে আপনার অনুরোধ নিবন্ধনের জন্য অপরিহার্য।

যদি আপনার সঙ্গের অপ্রাপ্তবয়স্ক সন্তান কোন ঝুঁকির মধ্যে থাকে, তবে সেটি রাজনৈতিক আশ্রয়ের আবেদনে উল্লেখ করতে হবে। যদি পিতা মাতা উভয়েই রাজনৈতিক আশ্রয়প্রার্থী হন, সেক্ষেত্রে অপ্রাপ্তবয়স্ক শিশুকে নিয়ে যে কোন উদ্বেগ মায়ের আবেদনে উল্লেখ থাকতে হবে।

আপনার আবেদনে যেসব তথ্য উল্লেখ করা হবে সেগুলো গোপনীয় এবং সেগুলো কোন অবস্থাতেই আপনার নিজ দেশের কর্তৃপক্ষের কাছে জানানো যাবেনা।

### ■ OFPRA'র কাছে ফাইল পাঠানো

রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ ইস্যু হওয়ার ক্ষেত্রে আপনার ফাইল সম্পূর্ণ হয়ে গেলে **আপনাকে এটি ২১তম** দিনের মধ্যেই পাঠাতে হবে। (পুনরায় খোলার অনুরোধের ক্ষেত্রে এটি ৮ম দিন- দেখুন ৩.৩। বন্ধ হওয়া রাজনৈতিক আশ্রয়ের আবেদনের পুনর্মূল্যায়নের জন্য- অথবা পুনরায় পরীক্ষার জন্য- দেখুন ৩.৪ পুনঃপরীক্ষা।

নিচের ঠিকানায় এটি ডাকযোগে পাঠাতে হবে:

OFPRA
201, rue Carnot
94 136 FONTENAY-SOUS-BOIS CEDEX

উদাহরণস্বরূপ, যদি আপনার রাজনৈতিক আশ্রয়ের প্রার্থনা সনদ ১০ জানুয়ারীতে ইস্যু হয় সেক্ষেত্রে ৩১ জানুয়ারির শেষভাগের মধ্যে আপনার ফাইল OFPRAতে পাঠাতে হবে। এক্ষেত্রে প্রমাণ হচ্ছে পোস্টমার্ক বা মোহর।

আপনার আবেদনটি প্রাপ্তি স্বীকার রশিদসহ রেজিস্ট্রিকৃত চিঠির মাধ্যমে পাঠানোর জন্য জোর সুপারিশ করা হচ্ছে যেখানে আপনার নাম প্রেরক অংশে স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

আপনার ফাইল সম্পুর্ণ না হলে OFPRA সেটি আপনাকে ফেরৎ পাঠাবে সেক্ষেত্রে এটি সম্পূর্ণ করে ফেরৎ পাঠাতে আরো ৮ দিন সময় পাবেন । (পুনরায় খোলা বা পূর্নবিবেচনার ক্ষেত্রে ৪ দিন). আপনি যদি উক্ত সময়ের মধ্যে ফাইল ফেরৎ না পাঠান, OFPRA আপনার আবেদনটি ক্লোজ বা বন্ধ করে দেবে। এই দেশে আপনার থাকার অধিকার বাতিল হবে এবং আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ আর নবায়ন করা যাবেনা।

প্রক্রিয়া চলাকালীন যে কোন সময়ে আপনি OFPRA কে ডাকযোগে অতিরিক্ত তথ্যাদি পাঠাতে পারবেন। OFPRA কে পাঠানো আপনার চিঠির এবং সেখান থেকে পাওয়া চিঠির কপি সংরক্ষণ করবেন। সেই সঙ্গে পাঠানোর ও প্রাপ্তির সব প্রমাণও রেখে দেবেন। OFPRAকে পাঠানো আপনার প্রতিটি চিঠিতে আপনার ফাইল নম্বর উল্লেখ করবেন। এই ফাইল নম্বর অফিস থেকে আপনাকে যে লেটার অব ইন্ট্রোডাকশন পাঠানো হয় তাতে উল্লেখ থাকে।

**প্রক্রিয়া চলাকালে আপনি কি আপনার ঠিকানা পরিবর্তন করেন?**

আপনি যদি OFPRA কে আপনার থাকার জায়গার ঠিকানা দেন যেটি আপনার বাসস্থানের ঠিকানা থেকে ভিন্ন, এবং যদি সেই থাকার জায়গা বদল করেন সেক্ষেত্রে অবশ্যই যত দ্রুত সম্ভব OFPRA কে অবহিত করবেন। আপনি এক্ষেত্রে অন লাইনে গিয়ে OFPRA'র ওয়েব সাইটের (www.ofpra.gouv.fr) টেলে-সার্ভিস এর মাধ্যমে তাদেরকে অবহিত করতে পারেন। যে কোনো চিঠি যেমন সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ, অথবা আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের ব্যাপারে সিদ্ধান্ত জানাতে OFPRA সর্বশেষ যে ঠিকানায় চিঠি দিয়েছিলো তাতেই পাঠাবে।

আপনি যদি এমন কোনো বাড়িতে বাস করেন যেটি আপনার নিজের, অথবা আপনি তার ভাড়াটিয়া অথবা আপনার স্পাউস/সন্তান/ পূর্বপুরুষের মালিকানাধিন বা তাদের বন্ধক নেওয়া, এবং সেই বাড়ি আপনি পাল্টান সেক্ষেত্রে আপনাকে অবশ্যই OFII কে জানাতে হবে।

## ■ OFPRA'র কাছে আপনার আবেদন দাখিলের প্রমাণ

আপনার আবেদন সম্পূর্ণ হলে এবং সেটি ঠিক সময়ে এলে, OFPRA আপনার আবেদন দাখিল এবং আবেদন এর সংখ্যার বিষয়টি জানিয়ে আপনাকে চিঠি দেবে।

এই চিঠিই হচ্ছে দাপ্তরিক প্রমাণ যে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন OFPRA তে পাঠানো হয়েছিলো।

এই ডকুমেন্ট দিয়েই আপনি আপনার প্রথম রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ নবায়ন করতে পারবেন (দেখুন ২.২.১ "রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ ইস্যু")

প্রায় ক্ষেত্রে, লেটার অব ইন্ট্রোডাকশন পাঠানোর একই সময়ে সাক্ষাৎকারের আমন্ত্রণটি পাঠানো হয়। এটি লেটার অব ইন্ট্রোডাকশনের পিছন পাতায় থাকে। না থাকলে বুঝবেন আপনাকে এটি আলাদা চিঠিতে পরে পাঠানো হবে।

## ■ স্বাভাবিক অথবা দ্রুত প্রক্রিয়ায় আবেদন পরীক্ষা।

OFPRA আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন স্বাভাবিক অথবা দ্রুত প্রক্রিয়ায় পরীক্ষা করবে।

অনুচ্ছেদ ২.২.১ এ যেমনটি উল্লেখ করা আছে "(আপনার রাজনৈতিকা আশ্রয়ের আবেদনের যোগ্যতা") দ্রুত প্রক্রিয়ার আওতায় আপনার আবেদন পরীক্ষাটি ১৫ দিনের মধ্যে করা হতে পারে।

কিন্তু স্বাভাবিক প্রক্রিয়াতেও আপনি এই সুবিধা পেতে পারেন। আপনার আবেদন পরীক্ষাটি OFPRA দ্রুত প্রক্রিয়ায় সম্পন্ন করবে যখন এটি দ্রুত প্রক্রিয়ার নেওয়া হবে এবং এর নিবন্ধন হবে সিংগেল উইন্ডো হিসেবে। তবে OFPRA আপনার আবেদনটি স্বাভাবিক প্রক্রিয়াতে শ্রেণি পরিবর্তন করতে পারে যদি মনে করে যে আপনার ফাইল বা আপনার বিশেষ অবস্থার কারণে এটি করা প্রয়োজন। তবে এটি কেবল তখনই করা হবে যখন এই ভুখন্ডে আপনার উপস্থিতি জন-শৃংখলা, জন নিরাপত্তা অথবা রাষ্ট্রিয় নিরাপত্তার জন্য হুমকি হবেনা।

নিম্নোক্ত ক্ষেত্রসমূহে, OFPRA দ্রুত প্রক্রিয়ায় আবেদেন নিষ্পন্ন করার সিদ্ধান্ত নিতে পারে:

- OFPRAকে বিভ্রান্ত করতে মিথ্যা কাগজপত্র, মিথ্যা তথ্য দিলে অথবা তথ্য, কাগজপত্র গোপন করলে;
- ভিন্ন ভিন্ন পরিচয়ে শরণার্থী হওয়ার চেষ্টা করলে;
- আপনার সুরক্ষার সঙ্গে সম্পর্কিত নয় এমন বিষয় তুলে ধরে শরণার্থীর মর্যাদা পেতে চাইলে;
- বক্তব্য অসংগতিপূর্ণ, স্ববিরোধী, স্পষ্টত মিথ্য অথবা অযৌক্তিক হলে এবং আপনার নিজের দেশ সম্পর্কে অফিসের ধারণার সঙ্গে না মিললে;

আপনার আবেদনটি দ্রুত প্রক্রিয়ায় ফেলার বিষয়ে আপত্তি তুলতে চাইলে আপনাকে CNDA তে আবেদন করতে হবে।

## ■ OFPRAতে ব্যক্তিগত সাক্ষাৎকার

OFPRA তে আবেদন দাখিলের পর, আপনি একটি সাক্ষাৎকারের আমন্ত্রণ পাবেন।

দুটি ক্ষেত্রে আপনাকে সাক্ষাৎকারের জন্য ডাকা হবেনা।:

- OFPRA যদি মনে করে শরণার্থীর মর্যাদা পাওয়ার ক্ষেত্রে আপনার দেওয়া তথ্যাদি যথেষ্ট;
- স্বাস্থ্যগত কারণে, অথবা আপনার নিয়ন্ত্রণের বাইরে এমন শারীরিক কারণে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে না পারলে।

সাক্ষাৎকারের জন্য ডাকা হলে আপনাকে অবশ্যই Fontenay-sous-Bois-এ OFPRA'র সদর দপ্তরে যেতে হবে। OFPRA'র "একজন প্রোটেকশন অফিসার" আপনার সাক্ষাৎকার নেবেন এবং প্রয়োজনে OFPRA নির্বাচিত একজন দোভাষী সেখানে উপস্থিত থাকবেন। ওয়ান-স্টপ শপে নিবন্ধন করার সময় আপনি যে ভাষাটি নির্বাচন করেছিলেন সেই ভাষায় আপনার সাক্ষাৎকার হবে, অথবা আপনার পর্যাপ্ত দখল আছে এমন ভাষাতেও আপনার সাক্ষাৎকার নেওয়া হতে পারে। (দেখুন ধারা ২.২.১ "OFPRA তে সাক্ষাৎকারের জন্য ভাষা নির্বাচন") অবশ্য, আপনি যে কোন সময় ফরাসী ভাষাতেও সাক্ষাৎকারের অনুমতি চাইতে পারেন। তবে সাক্ষাৎকারের ভাষা বদলাতে চাইলে আপনাকে CNDAতে আবেদন করতে হবে।

**আপনি যদি সাক্ষা□কারে হাজির না হন, সেক্ষেত্রে আপনার ফাইল দেখে আপনার অনুরোধের ওপর OFPRA সিদ্ধান্ত দেবে অথবা আপনার ফাইল বন্ধ করে দেবে।** কাজেই কোন সমস্যা থাকলে অন্তত ৪৮ ঘন্টা আগে OFPRA কে জানাবেন, অথবা দেরী করতে চাইলে তাও জানাবেন। আমন্ত্রণপত্রে দেওয়া ঠিকানায় নির্দেশিত ই-মেইলের মাধ্যমে এটা জানাতে পারেন।

আপনি ইচ্ছে করলে, একজন আইনজীবি অথবা OFPRA অনুমোদিত কোন সংস্থার প্রতিনিধিকে সঙ্গে নিয়ে সাক্ষাৎকারে উপস্থিত হতে পারেন যিনি সাক্ষাৎকার শেষে মন্তব্য করতে পারেন। অবশ্য আইনজীবি বা সংস্থার প্রতিনিধি সাক্ষাৎকারের সময় উপস্থিত না হলে সাক্ষাৎকার স্থগিত করা হবেনা। আপনার যদি শারীরিক অক্ষমতা থাকে, সেক্ষেত্রে আপনি স্বাস্থ্য বিষয়ক পেশাদার কাউকে আপনার সঙ্গে থাকতে এবং সাক্ষাৎকারের সময় উপস্থিত থাকতে অথবা অক্ষম ব্যক্তিকে সাহায্য করেন, কোন সংস্থার প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুমতি চাইতে পারেন।

সাক্ষাৎকালে বিশেষ করে যেগুলো যৌন নিগ্রহের সঙ্গে সম্পর্কিত কোনো বিষয় ব্যাখ্যা করে বোঝানো অসুবিধাজনক মনে হলে সেক্ষেত্রে আপনি অফিসের কোন কর্মকর্তা এবং/অথবা আপনার পছন্দের কোন যৌন বিষয়ক দোভাষী রাখতে চান তবে সাক্ষাৎকারের আগের দিন OFPRA কে অনুরোধ করতে পারেন।

**সাক্ষা□কারটি গোপনীয়।** সাক্ষাৎকালে আপনার বক্তব্য রেকর্ড করা হবে এবং তা নিয়ে একটি রিপোর্ট প্রস্তুত করবেন প্রোটেকশন অফিসার। এবং এই সিদ্ধান্ত নেওয়ার আগে আপনি চাইলে, তার সঙ্গে

আপনার যোগাযোগ করিয়ে দেওয়া হবে (স্বাভাবিক প্রক্রিয়ার আওতায়) অথবা একই সময়ের শেষের দিকে পরিচয় করিয়ে দেওয়া হবে (দ্রুত প্রক্রিয়ার আওতায়)

সাক্ষাৎকারটি অডিও রেকর্ডিং করা হবে এবং OFPRA'র সিদ্ধান্ত নেতিবাচক হলে এবং এই সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন করার ক্ষেত্রে আপনি প্রয়োজনে এটি শুনতে পারেন।

**আপনি কি Fontenay-sous-Bois তে OFPRA 'র সদর দপ্তর ছাড়া অন্য কোথাও সাক্ষাৎকার দিতে চান?**

আপনার অবস্থানগত দুরত্ব (বিদেশে থাকলে) বা কোন বিশেষ পরিস্থিতিতে (স্বাস্থ্যগত বা পারিবারিক কারণে আপনি ভ্রমণে অক্ষম হলে অথবা আপনি এমন স্থানে আটক থাকলে যেখানে আপনি মুক্ত নন) আপনার সাক্ষাৎকার Fontenay-sous-Bois তে নাও হতে পারে। একটা দুরত্বে এটি অডিও-ভিজ্যুয়াল মাধ্যমেও করা যাবে।

এই ক্ষেত্রে, প্রয়োজন হলে আইনজীবি অথবা আপনার সহযোগী এমন কোনো সংস্থার কোনো প্রতিনিধি আপনার পক্ষে সাক্ষাৎকারের হাজির থাকতে পারবেন। প্রোটেকশন অফিসার এর পক্ষে একজন দোভাষী থাকবেন।

বিদেশে বা কোনো মেট্রোপলিটন এলাকায় থাকলে, সেক্ষেত্রে গায়ানা ডিপার্টমেন্টে থাকলে Cayenne তে OFPRA 'র এন্টেনায় অথবা OFPRA তদন্ত মিশন চলাকালীন অন্য কোনো এলাকায় থাকলে OFPRA'র প্রতিনিধি আপনার সঙ্গে কথা বলবেন।

## ■ স্বাস্থ্য পরীক্ষা

OFPRA আপনাকে স্বাস্থ্য পরীক্ষা করার জন্য বলতে পারে। তবে এটি করতে না চাইলে আপনার আবেদন অসম্পূর্ণ বলে বিবেচিত হবেনা বা OFPRA তার সিদ্ধান্ত দেওয়া থেকেও বিরত থাকবেনা। আপনি যদি নাবালক হন এবং কোনো যৌন অংগ ছেটে ফেলার ঝুঁকির আতংক থেকে আপনার পক্ষে রাজনৈতিক আশ্রয়ের আবেদন করা হয়ে থাকে সেক্ষেত্রে OFPRA আপনার স্বাস্থ্য পরীক্ষার ব্যয় বহন করবে। চিকিৎসক আপনার স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট সরাসরি OFPRAকে পাঠাবে, এর একটি কপি আপনার পিতামাতা বা আইনী প্রতিনিধিকে দেবে।

## ■ OFPRA'র সিদ্ধান্ত

### ✓ সময়সীমা

OFPRA থেকে সিদ্ধান্ত আসার সময়সীমা কমবশি হয়: দ্রুত প্রক্রিয়ার আওতায় গড়ে ১৫ দিন সময় লাগে এবং স্বাভাবিক প্রক্রিয়াতে কয়েক মাস লেগে যেতে পারে। OFPRA থেকে দীর্ঘ সময় কোন জবাব না এলে এর অর্থ এই নয় যে আপনার আবেদন প্রত্যাখ্যাত হয়েছে। তবে ৬ মাসের মধ্যে কোনো সিদ্ধান্ত না এলে, OFPRA আপনাকে ডাকযোগে জানাবে। সেক্ষেত্রে আপনি নিয়মিত চিঠির খোঁজ রাখবেন।

### ✓ সিদ্ধান্ত অনুকূলে এলে (দেখুন খন্ড ১ "সুরক্ষার বিভিন্ন ধরণ)

যদি আপনার আবেদন অনুমোদিত হয়ে, সেক্ষেত্রে আপনি:

- **একজন শরণার্থী হিসেবে স্বীকৃত হবেন,** এবং **OFPRA** আপনাকে শরণার্থীর মর্যাদা মঞ্জুর করে সিদ্ধান্ত পাঠাবে;
- **সহায়ক সুরক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন,** এক্ষেত্রে **OFPRA** আপনাকে সহায়ক সুরক্ষা মঞ্জুরের সিদ্ধান্ত পাঠাবে। একটি চিঠিও পাঠাবে যেটি আপনি আপনার সুরক্ষার পক্ষে কর্তৃপক্ষের কাছে পেশ করতে পারেন।

✓ **সিদ্ধান্ত প্রতিকূলে গেলে**

আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের ওপরে OFPRA তিন ধরণের নেতিবাচক সিদ্ধান্ত দিতে পারে:

- **প্রত্যাখ্যান করে সিদ্ধান্ত;**

আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে CNDA'র কাছে আবেদন করতে পারেন। অনুচ্ছেদ ৩.১এ পড়ুন "OFPRA'র সিদ্ধান্ত জানানোর পর এটি অব্যাহত রাখার অধিকার থাকবেনা" এই অনুচ্ছেদে রাজনৈতিক আশ্রয়ের উদ্দেশ্যে এই অঞ্চলে প্রক্রিয়া চালিয়ে যাওয়ার অধিকারের বিষয়ে উল্লেখ আছে।

- **আবেদন আগ্রাহ্য করার সিদ্ধান্ত নেওয়া হতে পারে যদি**:

- আপনি যদি ইতিমধ্যে ইউরোপিয় ইউনিয়নভুক্ত কোন দেশে কার্যকরী রাজনৈতিক আশ্রয়ে সুরক্ষা ভোগ করেন;
- আপনি যদি তৃতীয় কোনো দেশে শরণার্থীর মর্যাদা ও কার্যকরী সুরক্ষা ভোগ করেন অথবা আপনি যদি কার্যকরভাবে সেখানে পুনরায় অন্তর্ভুক্ত হন।

আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে CNDAতে আবেদন করতে পারেন। তবে CNDA তে আবেদন করলেও আপনার দীর্ঘদিন রাজনৈতিক আশ্রয়ে উদ্দেশ্যে এই অঞ্চলে থাকার অধিকার থাকবেনা। (দেখুন ধারা ৩.১ "OFPRA'র সিদ্ধান্ত জানানোর পরপরই এখানে অবস্থান করার অধিকারের অবসান")।

- **আপনার আবেদন ক্লোজ করার সিদ্ধান্ত নেওয়া হতে পারে যদি**:

- আপনি সাক্ষাৎকারের সময় বা OFPRAকে চিঠি দিয়ে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাহারের কথা জানান;
- ২১ দিনের মধ্যে আবেদন দাখিল না করেন বা সাক্ষাৎকারের জন্য হাজির না হন;
- আবেদনপত্র পরীক্ষার জন্য প্রয়োজনীয় তথ্যাদি দিতে ইচ্ছাকৃতভাবে অস্বীকার করেন;
- যৌক্তিক সময়কালের মধ্যে আপনার ঠিকানা অফিসে না পাঠানোর কারণে আপনার সঙ্গে যোগাযোগ করা না গেলে;
- ওয়ান স্টপ-শপে আপনার অনুরোধ নিবন্ধিত হলেও কোনো যুক্তিসংগত কারণ ছাড়া আপনি OFPRA কে ফাইল না পাঠালে।

আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে চ্যালেঞ্জ করতে পারেন। কিন্তু CNDA তে নয়। প্রশাসনিক আদালতে চ্যালেঞ্জ করতে হবে। আপনার দীর্ঘদিন রাজনৈতিক আশ্রয়ে উদ্দেশ্যে এই অঞ্চলে থাকার অধিকার থাকবেনা। (দেখুন ধারা ৩.১ "OFPRA'র সিদ্ধান্ত জানানোর পরপরই এখানে অবস্থান করার অধিকারের অবসান"). আপনি আবেদন ক্লোজ করার প্রজ্ঞাপন জারির ৯ মাসের মধ্যে এবং একবার আপনার ফাইল পুনরায় চালুর জন্য অনুরোধ করতে পারেন। (দেখুন ধারা ৩.৩)

✓ **OFPRA'র সিদ্ধান্ত জানানোর প্রক্রিয়া**

আবেদন প্রত্যাখ্যাত হলে **OFPRA** আপনাকে ফরাসী ভাষায় তাদের সিদ্ধান্ত পাঠাবে। সেই সঙ্গে আপনি মোটামুটি বোঝেন এমন ভাষায় কিছু কাগজপত্র পাঠাবে। যেখানে আপনাকে দেওয়া সিদ্ধান্তটি জানা যাবে।

**OFPRA কি আপনাকে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন দাখিল, ব্যক্তিগত সাক্ষাতকারের জন্য আমন্ত্রণ এবং তার সিদ্ধান্ত সংযুক্ত করে কাগজের বদলে ইলেকট্রোনিক উপায়ে চিঠি পাঠাতে পারে ?**

রাজনৈতিক আশ্রয়ের আবেদন দাখিল, ব্যক্তিগত সাক্ষাতকারের জন্য আমন্ত্রণ এবং তার সিদ্ধান্ত সংযুক্ত করে ইলেকট্রোনিক উপায়ে কোনো ব্যক্তিগত হিসেবে চিঠি পাঠানোর জন্য OFPRA একটি পদ্ধতির উন্নয়ন ঘটিয়েছে। এই নিরাপদ প্রক্রিয়াটি রাজনৈতিক আশ্রয়ের আবেদনের গোপনীয়তা পুরোপুরি বজায় রাখার নিশ্চয়তা দেবে।

পদ্ধতিটি আপনার ক্ষেত্রে প্রয়োগ করা হলে, রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধনের পর অথবা ধারা ২.২.১ এ বিধৃত ডাবলিন প্রক্রিয়া ব্যর্থ হওয়ার কারণে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার দায়িত্ব ফ্রান্সে পাঠানো হলে আপনাকে ঐ পদ্ধতি সম্পর্কে জানানো হবে। আপনাকে তখন একটি তথ্য নোটিশ দেওয়া হবে যেখানে বলা থাকবে কিভাবে এই পদ্ধতিটি বাস্তবায়ন করা হবে।

## ■ OFPRA'র সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন

আপনি প্রজ্ঞাপনের এক মাসের মধ্যে OFPRA'র সিদ্ধান্তের বিরুদ্ধে CNDAতে আবেদন করতে পারেন। (দেখুন অনুচ্ছে ৩.২ "CNDA'র পরীক্ষা") । আপনি CNDA'র কাছে আবেদন না করলে অথবা এক মাস সময়কাল পার হলে আবেদন করলে, সেক্ষেত্রে এই দেশে অবস্থানের অধিকার হারাবেন। আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ প্রত্যাহার করা হবে অথবা নবায়ন করা হবেনা এবং আপনাকে অবশ্যই ফ্রান্স ছাড়তে হবে।

আপনি যদি CNDA তে আবেদনের জন্য আইনী সহায়তা পেতে চান তবে আপনাকে অবশ্যই OFPRA'র সিদ্ধান্তের প্রজ্ঞাপন থেকে পরববর্তী ১৫ দিনের মধ্যে অনুরোধ করতে হবে। সেক্ষেত্রে এক মাসের আবেদনের সীমা কার্যকর থাকবেনা এবং আইনী সহায়তা পেতে আপনার আবেদনের ওপর সিদ্ধান্তের দিন থেকে এই সময় কার্যকর হবে (দেখুন ধারা ৩.২ "আইনজীবির সহায়তা")

CNDA'র সিদ্ধান্তের বিরুদ্ধে কাউন্সিল অব স্টেটের কাছে আপনাকে বা OFPRAকে আবেদন করতে হবে।

- **OFPRA'র সিদ্ধান্ত জানানোর পরপরই আপনার আবেদন প্রক্রিয়া বজার রাখার অধিকারের অবসান ঘটবে।**

নীতিগতভাবে, আইনী পূর্নবিবেচনা সহ তদন্তের পুরো সময়কালে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের প্রক্রিয়াটি বজায় রাখার অধিকার থাকবে।

অবশ্য, OFPRA কর্তৃক গৃহীত নীচের যে কোন একটি সিদ্ধান্তের প্রেক্ষিতে আপনি এই অধিকারটি হারাতে পারেন:

১. EU এর সদস্য নয় এমন কোনো রাষ্ট্রে আপনি ইতিমধ্যে কার্যকর সুরক্ষা পেতে থাকার কারণে আপনার আবেদন আগ্রাহ্য হওয়ার সিদ্ধান্ত হলে। এক্ষেত্রে আপনাকে পুনরায় এটি শুরু করতে হতে পারে। (দেখুন ধারা ৩.৩);

২. আবেদন বন্ধ বা ক্লোজ করার সিদ্ধান্ত হলে (দেখুন ধারা ৩.৩);

৩. নিরাপদ রাষ্ট্রের নাগরিক এই যুক্তিতে দ্রুত প্রক্রিয়ায় আওতায় রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যাত হলে;

৪. জাতিয় ভুখন্ডে আপনার উপস্থিতি জন-শৃংখলার জন্য মারাত্মক হুমকি এই ভিত্তিতে দ্রুত প্রক্রিয়ার আওতায় স্থাপিত আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যাত হলে;

৫. গ্রহণীয় হতে পারে এমন পুনর্নিরীক্ষণের আবেদন আগ্রাহ্য হলে;

৬.পুনর্নিরীক্ষণের প্রথম অনুরোধ আগ্রাহ্য হলে;

৭. আপনার বিরুদ্ধে বহিষ্কারের আদেশ থাকলে অথবা প্রশাসনিক বা আইনী ভুখন্ডে নিষেধাজ্ঞা থাকলে এবং আপনাকে গৃহবন্দি রাখা বা আটক রাখা হলে সেক্ষেত্রে আপনার আবেদন আগ্রাহ্য বা প্রত্যাখ্যাত হওয়ার সিদ্ধান্ত হলে (দেখুন অনুচ্ছেদ- "আপনার বিরুদ্ধে প্রশাসনিক বা আদালতের আরোপিত নিষেধাজ্ঞার কারনে এই অঞ্চল থেকে বহিষ্কারের আদেশের সম্ভাবনা থাকলে") ।

এই ক্ষেত্রে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ প্রত্যাহার করা হতে পারে অথবা নবায়ন করা না হতে পারে এবং আপনার ওপর ফ্রান্স ত্যাগে বাধ্যবাধকতা আরোপ করা হতে পারে (দেখুন অনুচ্ছেদ) ।

### ৩.২. ন্যাশনাল কোর্ট অব দি রাইট অব অ্যাসাইলাম (CNDA)'র কর্তৃক পরীক্ষা

- **আবেদনের নির্দিষ্ট সময়সীমা।**

আপনার আবেদন OFPRA কর্তৃক প্রত্যাখ্যাত হওয়ার প্রজ্ঞাপনের পর আপনি CNDA তে আবেদন দাখিলের জন্য এক মাস সময় পাবেন। আপনি যেটি করতে পারেন:

- OFPRA আপনার আবেদন প্রত্যাখ্যান বা আগ্রাহ্য করে সিদ্ধান্ত দিলে সেক্ষেত্রে আদালতকে এই সিদ্ধান্ত পরিবর্তন করে আপনাকে সুরক্ষা দিতে বলতে পারেন;

- আপনাকে সহায়ক সুরক্ষা দেওয়ার সিদ্ধান্ত হলে, শরণার্থীর স্বীকৃতি পেতে আবেদন করতে পারেন। এই ক্ষেত্রে, CNDA আপনাকে শরণার্থীর স্বীকৃতি দেওয়ার বিষয়টি বিবেচনা না করা পর্যন্ত আপনার জন্য এই সহায়ক সুরক্ষা ও আনুষঙ্গিক অধিকার বজায় থাকবে (দেখুন খন্ড ৬ "উপকারভোগীর সুরক্ষা পাওয়ার অধিকার"). অধিকন্তু, CNDA যদি আপনাকে শরণার্থীর স্বীকৃতি নাও দেয়, OFPRA আপনাকে যে সহায়ক সুরক্ষা মঞ্জুর করেছিলো সেটির পরিবর্তন করতে পারবেনা।

আপনার আবেদন এক মাস সময়সীমা পার হওয়ার পূর্বেই CNDA'র কাছে পৌঁছুতে হবে (উদাহরণ হিসেবে, আপনি যদি ২০ জানুয়ারী ডাকযোগে আপনার আবেদন প্রত্যাখ্যাত হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন সেক্ষেত্রে CNDA তে আপনার আবেদন ২১ ফেব্রুয়ারী শেষ সময়ে মধ্য রাতের আগেই পৌঁছুতে হবে)। আবেদন CNDA'র কাছে অবশ্যই প্রাপ্তি স্বীকার রশিদসহ রেজিষ্ট্রিকৃত চিঠি সাধারণ চিঠি বা ফ্যাক্সযোগে পাঠাতে হবে। ,সতর্কতা হিসেবে, আবেদন অবশ্যই এক মাসের নির্দিষ্ট সময়ের আগেই অথবা ফ্যাক্সে পাঠালে সময়সীমা উত্তীর্ণ হওয়ার দিনে মধ্যরাতের আগেই পৌঁছুতে হবে। যদি আদালত এই এক মাসের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরে আপনার আবেদন গ্রহণ করে, সেক্ষেত্রে এটি আগ্রাহ্য হিসেবে বিবেচিত হবে। যার অর্থ- কোনো শুনানী বা পরীক্ষা ছাড়াই আপনার আবেদন প্রত্যাখ্যাত।

## ■ আইনজীবির সহায়তা।

CNDA তে আবেদন দাখিল এবং শুনানীর সময় আপনার আইনজীবির সহায়তা নেওয়ার সুযোগ রয়েছে। এটা করতে, আপনি আইনী সহায়তা চেয়ে আবেদন করতে পারেন। আইনজীবির পারিশ্রমিক পুরোটাই রাষ্ট্র বহন করবে। এখানে তার পারিশ্রমিক চাওয়ার কোনো অধিকার নেই।

আইনী সহায়তা চেয়ে আবেদন করতে আপনাকে CNDA'র আইনী সহায়তা দপ্তরে যোগাযোগ করতে হবে। এটি করতে হবে OFPRA কর্তৃক আপনার আবেদন প্রত্যাখ্যাত হওয়ার প্রজ্ঞাপনের ১৫ দিনের মধ্যেই।

<u>CNDA'র আইনী সহায়তা দপ্তরের (BAJ) ঠিকানা:</u>

Cour nationale du droit d'asile
35, rue Cuvier
93 558 MONTREUIL-SOUS-BOIS

আপনাকে সহায়তা করতে সম্মত হয়েছে এমন কোন আইনজীবির কথা আপনি উল্লেখ করতে পারেন অথবা CNDA আপনার জন্য একজন আইনজীবি নিয়োগ দিতে পারে। আপনি যদি আইনী সহায়তা নেন, সেক্ষেত্রে আপনি কোন অবস্থাতেই নিয়োগকৃত আইনজীবিকে পারিশ্রমিক দেবেননা। এমনকি তিনি পারিশ্রমিক চাইলেও দেওয়া যাবেনা।

আপনার আবেদন আগ্রাহ্য হতে পারে এমন প্রতীয়মান হলে আপনার আইনী সহায়তা চাওয়ার অনুরোধ প্রত্যাখ্যাত হতে পারে।

CNDA তে আপনার আবেদনের নির্দিষ্ট সময় তখনই স্থগিত করা হবে যদি আইনী সহায়তা চেয়ে আপনার আবেদনটি ১৫ দিনের মধ্যেই করা হয়। আপনার অনুরোধের প্রেক্ষিতে লিগাল এইড অফিস থেকে গৃহিত সিদ্ধান্তের প্রজ্ঞাপনের দিন থেকে এটা পুনরায় গননা শুরু হবে। কাজেই আপনি CNDA তে আবেদনের জন্য পুনরায় একটি নির্দিষ্ট সময় পাবেন। যেটি OFPRA'র সিদ্ধান্তের প্রজ্ঞাপন এবং আইনী সহায়তা চেয়ে আপনার অনুরোধের মধ্যবর্তী দিনগুলো থেকে এক মাস কম হবে।

উদাহরন হিসেবে বলা যায়, যদি OFPRA আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যানের সিদ্ধান্তটি ১৫ জানুয়ারীতে জানায়, আপনাকে ১৫ দিনের মধ্যে এই আবেদন চ্যালেঞ্জ করতে আইনী সহায়তা চেয়ে আবেদন করতে হবে। আপনি যদি ২০ জানুয়ারী এই আবেদন করেন, যার অর্থ OFPRA আপনার আবেদন প্রত্যাখ্যান করার ৫ দিন পর আবেদন করেন সেক্ষেত্রে, আইনী সহায়তা অফিস থেকে সিদ্ধান্ত আসার পর আবেদন করতে আপনি আর ২৬ দিন সময় পাবেন।

## ■ আবেদন।

নিম্নোক্ত বিষয়গুলো অবশ্যই বিবেচনায় নিতে হবে:

- সর্বপ্রথমেই, আবেদন প্রত্যাখ্যানের OFPRA'র সিদ্ধান্তের পিছনের পাতায় বর্ণিত যাবতীয় ব্যাখ্যা মনযোগ সহকারে পড়ুন;
- আবেদন অবশ্যই ফরাসী ভাষায় সাদা কাগজে করতে হবে, যেখানে আপনি আপনার পুরো নাম, জন্মের তারিখ ও স্থান, জাতিয়তা ও নিবাস উল্লেখ করবেন (এখানে কোনো সুনির্দিষ্ট ফরম নেই) ।
- অবশ্যই আবেদনে স্বাক্ষর করবেন; আপনি নাবালক হলে আইনী প্রতিনিধি অবশ্যই স্বাক্ষর করবেন;
- আবেদনের সঙ্গে অবশ্যই OFPRA 'র সিদ্ধান্তের একটি কপি পাঠাবেন;
- আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন দ্রুত প্রক্রিয়ায় ফেলা হলে, সেক্ষেত্রে আবেদন নিবন্ধনের সময় আপনাকে যে ইনফরমেশন নোটিশ দেওয়া হয়েছিলো তার একটি কপি সংযুক্ত করবেন (দেখুন ২.২.১ খন্ডে অনুচ্ছেদ "আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন করার যোগ্যতা");

- আপনাকে অবশ্যই আবেদন করার কারণ জানাতে হবে। যেমন, আপনি কেন OFPRA কর্তৃক আপনার আবেদন প্রত্যাখ্যাত হওয়ার সঙ্গে একমত নন অথবা OFPRA যে আপনাকে শরণার্থী হিসেবে স্বীকৃতি না দিয়ে সম্পুরক সুরক্ষা মঞ্জুর করলো সে বিষয়ে কেন একমত নন সেটি ব্যাখ্যা করতে হবে;
- আবেদনের সঙ্গে আপনার পরিচয় ও নাগরিকত্বের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই সংযুক্ত করবেন;
- আপনার সম্পর্কে বিস্তারিত জানাতে অবশ্যই সব কাগজ সংযুক্ত করবেন;
- OFPRA তে শুনানীর সময় যে ভাষা ব্যবহার করা হয়েছিলো সেটাতে যদি আপনার আপত্তি থাকে তবে অবশ্যই আবেদনে সেটি উল্লেখ করবেন এবং কোন ভাষায় আপনি শুনানী দিতে চান সেটিও জানাবেন। আদালত যদি আপনার চ্যালেন্জ না শোনে এবং আপনার অনুরোধ করা ভাষায় দোভাষী নিয়োগ দিতে না চায় সেক্ষেত্রে আপনার শুনানী সেই ভাষাতে হবে যেটি আপনি মোটামুটি বুঝবেন বলে তার মনে করবে।
- অবশ্যই আবেদন পাঠানো ও দাখিল করার যাবতীয় প্রমাণ সংরক্ষণ করবেন, সেই সঙ্গে এর কপিও সঙ্গে রাখবেন;
- আপনার ঠিকানার যে কোনো পরিবর্তন হলে তা CNDAকে অবহিত করবেন;
- আবেদন নিবন্ধিত হওয়ার পর আপনি আপনার ফাইল প্রকাশ করার অনুরোধ করতে পারেন।

আপনার জাতিয়তা প্রমাণের কাগজপত্রের ক্ষেত্রে, ফাইলের সঙ্গে এসবের অনুলিপি দেওয়াই ভালো। পাসপোর্ট ও জাতিয় পরিচয়পত্রের মূল কপি সঙ্গে রাখবেন। CNDA রেজিস্টার্ড ডাকযোগে আপনাকে যেসব চিঠিপত্র পাঠাবে সেগুলো ডাকঘর থেকে সংগ্রহ করতে এসব মূল কাগজপত্র আপনার প্রয়োজন হবে। শুনানীর দিন প্যানেল অনুরোধ করলে মূল কাগজপত্র উপস্থাপন করতে পারেন।

আপনার আবেদনের পক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের ক্ষেত্রে ফাইলের সঙ্গে মূল কপির ও তার সঙ্গে অনুলিপি দেওয়া উচিৎ। এসব দলিল বা প্রমাণ শুনানীর দিন আপনি অনুরোধ করলে আপনাকে ফিরিয়ে দেওয়া হতে পারে, অথবা ডাকযোগে আপনার কাছে পাঠিয়ে দেওয়া হতে পারে। আপনার আবেদনের পটভূমির ক্ষেত্রে প্রয়োজনীয় দলিলাদি অবশ্যই ফরাসী ভাষায় অনূদিত হতে হবে। অনুবাদ করা না গেলে CNDA সেগুলো ব্যবহার করতে সক্ষম হবেনা। অবশ্য হলপনামা সহযোগে এসব অনুবাদ করতে হবে এমন কোনো বাধ্যবাধকতা নেই। শুধুমাত্র দেওয়ানী বিষয়গুলোর দলিলাদি এবং মোকাদ্দমা অথবা পুলিশ সংক্রান্ত কাগজপত্রের ক্ষেত্রে হলপনামা সহকারে অনুবাদ হতে হবে।

আপনাকে যদি কোনো গণ শুনানীতে তলব করা হয়, আপনি তলবে নির্দেশিত নির্দিষ্ট সময়ের মধ্যে লিখিত আকারে অতিরিক্ত তথ্যাদি উপস্থাপন করতে পারেন।

■ **আবেদন প্রাপ্তির প্রমাণ।**

আপনার আবেদন নিবন্ধিত হওয়ার পর, CNDA আপনার দেওয়া ঠিকানায় একটি কাগজ পাঠাবে যাতে লেখা থাকবে "আবেদনের প্রাপ্তি স্বীকার পত্র" । এই ডকুমেন্টই হচ্ছে আপনার আবেদন নিবন্ধিত হওয়ার পক্ষে প্রমাণ।

কিছু ব্যতিক্রম ছাড়া (দেখুন অনুচ্ছেদ "আবেদন সাসপেনসিভ হওয়ার ধরণ") এই ডকুমেন্ট বলেই আপনি আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ নবায়ন করার অনুরোধ করতে পারবেন, কেননা CNDA আপনার আবেদনের ব্যাপারে সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত আপনাকে ফ্রান্সে থাকার অনুমোদন দেওয়া হয়েছে।

■ **আবেদনের প্রক্রিয়া সাসপেনসিভ বা ঝুলে যাওয়ার ধরণ।**

**সাধারণভাবে, OFPRA আপনার আবেদন প্রত্যাখ্যান করলে আপনি এর বিরুদ্ধে CNDAতে আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে এই আবেদনটি চূড়ান্ত সিদ্ধান্তকে বিলম্বিত করে।** যার অর্থ, আবেদনের সময়সীমা শেষ না হওয়া পর্যন্ত আপনি ফ্রান্সে থাকতে পারবেন। এবং আপনি যদি আবেদন করেন সেক্ষেত্রে আদালতের সিদ্ধান্ত পর্যন্ত ফ্রান্সে থাকতে পারবেন।

**অন্যদিকে, রাজনৈতিক আবেদন চূড়ান্তভাবে প্রত্যাখ্যাত হওয়ার আগে আপনি যদি ফ্রান্সে থাকার অধিকার হারান সেক্ষেত্রে, OFPRA'র প্রত্যাখ্যানের সিদ্ধান্ত অথবা আগ্রাহ্যের সিদ্ধান্তের বিরুদ্ধে আপনার CNDA'র কাছে আবেদনের অধিকার আছে,** কিন্তু এই আবেদনের কারণে বিষয়টি ঝুলে থাকবে না বা সাসপেনসিভ হবে না **(**দেখুন অনুচ্ছেদ ৩.১ "OFPRA'র সিদ্ধান্ত জানানোর পরপরই আপনার অবস্থানের অধিকারে অবসান"**)**

- ✓ **আবেদন সাসপেনসিভ না হলে,** একটি রিমোভাল অর্ডার বা বিতাড়ন আদেশ ইস্যু করে সেটি সেটি কার্যকর করা হতে পারে, সেক্ষেত্রে আপনার বিরুদ্ধে নীচের যে কোন একটি সিদ্ধান্ত গ্রহণ করা হতে পারেঃ

১. OFPRA আপনার আবেদন আগ্রাহ্য করবে কেননা EU এর সদস্য নয় এমন কোনো রাষ্ট্রে আপনি ইতিমধ্যে কার্যকর সুরক্ষা পেয়ে গেছেন। এক্ষেত্রে আপনাকে পুনরায় এটি শুরু করতে হতে পারে। (দেখুন ধারা ৩.৩);

২. OFPRA আবেদন বন্ধ বা ক্লোজ করবে (দেখুন ৩.৩);

৩. আপনাকে বিতাড়নের আদেশ ঠেকাতে এটি পুনর্বিবেচনার অনুরোধ OFPRA আগ্রাহ্য করবে।

- ✓ **আবেদন যদি স্বয়ংক্রিয়ভাবে সাসপেনসিভ করার সুযোগ না থাকে সেক্ষেত্রে CNDAতে আপনার আবেদনের সময়কালে আপনার বিরুদ্ধে বিতাড়নের পদক্ষেপ বাস্তবায়ন থামিয়ে রাখতে প্রশাসনিক আদালতের কাছে আবেদন জানাতে পারেন কেননা আপনি নিম্নলিখিত সিদ্ধান্তের আওতায় পড়ে যেতে পারেন:**

১.আপনি একটি নিরাপদ রাষ্ট্রের নাগরিক এই যুক্তিতে দ্রুত প্রক্রিয়ায় আওতায় ফেলা আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন OFPRA প্রত্যাখ্যান করবে;

২. জাতিয় ভুখন্ডে আপনার উপস্থিতি জন-শৃংখলার জন্য মারাত্মক হুমকি এই ভিত্তিতে দ্রুত প্রক্রিয়ার আওতায় স্থাপিত আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন OFPRA প্রত্যাখ্যান করবে;

৩. গ্রহনযোগ্য হতে পারে এমন পুনর্নিরীক্ষণের আবেদন OFPRA আগ্রাহ্য করবে;

৪. বিতাড়নের আদেশ পরিবর্তনের জন্য দাখিল করা হয়নি এমন পুনর্নিরীক্ষণের অনুরোধ OFPRA আগ্রাহ্য করবে;

৫. আপনার বিরুদ্ধে বহিষ্কারের আদেশ থাকলে অথবা প্রশাসনিক বা আইনী ভুখন্ডে নিষেধাজ্ঞা থাকলে এবং আপনাকে গৃহবন্দি রাখা বা আটক রাখা হলে সেক্ষেত্রে আপনার আবেদন আগ্রাহ্য বা প্রত্যাখ্যাত হবে (দেখুন ধারা ২.২.১ "আপনি প্রশাসনিক বা আদালতের আরোপিত নিষেধাজ্ঞার কারনে এই অঞ্চলে বহিষ্কারের আদেশের লক্ষবস্তু হলে")

আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধনের পূর্বেই আপনাকে বিতাড়নে আদেশ জানানো হলে এবং আপনি গৃহবন্দি বা আটক থাকার কারণে এই আদেশের বিরুদ্ধে আপিল করা কোনোভাবেই সম্ভব না হলে

বিতাড়নের আদেশের বিরুদ্ধে আপিল করার অংশ হিসেবে আপনি আবেদন দীর্ঘায়িত বা সাসপেনশনের অনুরোধ করতে পারেন।

## CNDA তে শুনানী

CNDA আপনার আবেদন বিবেচনা করে আপনাকে শুনানীর জন্য ডাকবে। আপনার আবেদন দ্রুত প্রক্রিয়ার ফেলা না হলে শুনানীর দিনের অন্তত এক মাস আগে আপনাকে চিঠি দেওয়া হবে। দ্রুত প্রক্রিয়ায় হলে শুনানীর ১৫ দিন আগে চিঠি দেওয়া হবে।

OFPRA'র সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তোলা হবে আপনার আপিলে এমন কোনো মারাত্মক বিষয় থাকলে, সেক্ষেত্রে CNDA র‍্যাপোর্টিয়ার দিয়ে আপনার আবেদন পরীক্ষা করিয়ে শুনানী না করেই আপনার আবেদন খারিজ করে দিতে পারে।

প্রয়োজন হলে, শুনানী হতে পারে:

- Montreuil অথবা Palais de justice (Ile de la Cité) অবস্থিত CNDA প্রাংগনে।
- অথবা মিনিস্ট্রি অব জাস্টিস এর তত্বাবধায়নে ঐ প্রাঙ্গনে ভিডিও শুনানীর মাধ্যমে। এক্ষেত্রে সব ধরণের গোপনীয়তা ও ভিডিও শুনানীর ট্রান্সমিশন নিশ্চিত করা হবে।

### ✓ শুনানীর বিচারকদের গঠন:

একজন ম্যাজিস্ট্রেটের সভাপতিত্বে CNDA'র প্যানেল আপনার আবেদন পরীক্ষা করবে। এই প্যানেলে জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশনার (UNHCR) কর্তৃক নিযুক্ত একজন যোগ্য ব্যাক্তি থাকবেন। প্যানেল একজন র‍্যাপোর্টিয়ার এর কাছ থেকে শুনে আপনার আবেদনের ওপর সিদ্ধান্ত দেবেন। এই র‍্যাপোর্টিয়ার আপনার ও আপনার আইনজীবি থাকলে তার দেওয়া ব্যাখ্যার ওপর ভিত্তি করে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন বিশ্লেষন করবেন। এক্ষেত্রে তিনি সিদ্ধান্তের ওপর কোন প্রভাব ফেলবেন না।

অফিস যদি দ্রুত প্রক্রিয়ার আওতায় রায় দেয়, অথবা যদি তাদের রায় এই হয় যে আপনার আবেদন অগ্রহণযোগ্য, সেক্ষেত্রে CNDA'র একজন মাত্র বিচারক মাত্র পাঁচ সপ্তাহের মধ্যে আপনার আবেদনের ওপর সিদ্ধান্ত দেবে।

আদালত যদি মনে করে যে আপনার আবেদন দ্রুত প্রক্রিয়ায় পড়ে না, অগ্রহণযোগ্যও নয়, অথবা মারাত্মক সমস্যা তৈরি করবে, সেক্ষেত্রে তারা নিজে থেকেই অথবা আপনার অনুরোধে সর্বসম্মত রায় দিতে পারে।

### ✓ দোভাষী সেবা

আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন নিবন্ধন করার সময় আপনি যে ভাষার কথা জানিয়েছিলেন, CNDA সেই ভাষায় একজন দোভাষীর উপস্থিতি নিশ্চিত করবে (দেখুন অনুচ্ছেদ OFPRAতে সাক্ষাৎকারের জন্য ভাষা নির্বাচন")। এটা করতে ব্যর্থ হলে অথবা সম্ভব না হলে, সেই ভাষায় আপনার সাক্ষাৎ হবে যে ভাষায় আপনার পর্যাপ্ত দক্ষতা আছে। আপনি যদি OFPRA তে কোনো দোভাষী না নিয়ে থাকেন সেক্ষেত্রে CNDA'র ক্ষেত্রও আপনি তেমনটি করতে পারেন। যদি আপনার শুনানী অডিও-ভিজ্যুয়াল যোগাযোগের মাধ্যমে হয়, সেক্ষেত্রে একজন দোভাষী আপনার শুনানীর কক্ষে আপনার সঙ্গে থাকবেন। যদি কোন দোভাষীর সশরীরে উপস্থিতি সম্ভব না হয়, সেক্ষেত্রে কোর্ট যাচাই করে দেখবে দোভাষী তার নিজের দপ্তরে থেকেও সহযোগিতা করত পারেন কিনা।

### ✓ শুনানীতে আপনার হাজিরা:

শুনানীতে আপনার হাজিরা আবশ্যক। যদি কোনো বাধা আসে, বা আপনার বিলম্ব ঘটে সেক্ষেত্রে CNDAকে অবহিত করতে হবে। আপনি যদি শুনানীতে হাজির হতে সমর্থ না হন, কেন আপনি হাজির হতে পারবেন না সেটি লিখিত আকারে জানিয়ে তা স্থগিত করার অনুরোধ করতে পারেন। শুনানী স্থগিত করা সঠিক কাজ নয়। CNDA'র বিচারক প্যানেলের একমাত্র প্রেসিডেন্টই পারেন শুনানী স্থগিত করে পরবর্তি কোনো একদিনে এর আয়োজন করতে।

### ✓ শুনানীর প্রকাশ্য ধরণ:

শুনানী প্রকাশ্যে অনুষ্ঠিত হয়। যদিও, আপনি অপ্রকাশ্যে এই রায় দিতে প্রেসিডেন্টের প্রতি অনুরোধ করতে পারেন। যার অর্থ, আপনার মামলাটি জনসমক্ষে হবে না। এই ক্ষেত্রে, কক্ষে গোপনে শুনানীর আয়োজন নিশ্চিত করা হবে। বিচারক প্যানেলের প্রেসিডেন্ট এই সিদ্ধান্তও দিতে পারেন।

## CNDA'র সিদ্ধান্ত

CNDA তার সিদ্ধান্ত "প্রাপ্তি স্বীকার রিসিপ্ট সহযোগে রেজিস্টার্ড চিঠি" দিয়ে ডাকে আপনাকে জানাবে।

সিদ্ধান্তটি হবে ফরাসী ভাষায়। এর সঙ্গে একটি ডকুমেন্ট থাকবে যাতে আপনি বোঝেন এমন ভাষায় সিদ্ধান্তের বিষয় বলা থাকবে।

CNDA'র সিদ্ধান্ত যেমনটি হতে পারে:

- OFPRA'র সিদ্ধান্ত বাতিল করে আপনাকে একজন শরণার্থী হিসেবে অথবা সহায়ক সুরক্ষার একজন উপকারভোগির স্বীকৃতি দিতে পারে। সেক্ষেত্রে আপনি একই অধিকার পাবেন অর্থাৎ আপনি OFPRA'র দুটি সুরক্ষার যে কোন একটি লাভ করবেন;
- OFPRA'র সিদ্ধান্ত বাতিল করে আপনাকে সহায়ক সুরক্ষা মঞ্জুর ও শরণার্থী হিসেবে স্বীকৃতি দিতে পারে;
- OFPRA'র প্রত্যাখ্যানের সিদ্ধান্ত বহাল রেখে আপনার আপিল খারিজ করতে পারে;
- কতিপয় ক্ষেত্রে, OFPRA' র সিদ্ধান্ত বাতিল করে তাকে আপনার অনুরোধ পুনর্বিবেচনা করতে বলতে পারে।

CNDA 'র সিদ্ধান্ত স্টেট কাউন্সিলে চ্যালেঞ্জ করা যায়। তবে স্টেট কাউন্সিল এক্ষেত্রে আপনার আবেদনের পুরো বিষয় বিবেচনা করবেনা, শুধু কিছু আইনী বিষয় বিবেচনা করবে। প্রক্রিয়াটি দীর্ঘ এবং এক্ষেত্রে বিশেষজ্ঞ আইনজীবির প্রয়োজন হবে। আইনী সহায়তা চাওয়া যেতে পারে। এই আবেদন করে আপনি ফ্রান্সে আপনার অবস্থান সাসপেনসিভ করতে পারবেননা এবং এর মাধ্যমে আপনার নিজের দেশে ফেরত পাঠানোও ঠেকাতে পারবেনা। কাজেই আপনাকে এই প্রক্রিয়ার বিষয়ে কোনো সংস্থা বা আইনজীবির সহযোগিতা নিতে পরামর্শ দেওয়া হচ্ছে।

## CNDA'র সিদ্ধান্তের কারণে প্রক্রিয়া চালিয়ে যাওয়ার অধিকারের অবসান।

আপনার এই প্রক্রিয়া চালানোর অধিকারের অবসান হবে:

- উন্মুক্ত আদালতে CNDA'র সিদ্ধান্ত হলে সেটি পড়ে শোনানো হয়। সিদ্ধান্তটি আপনাকে জানানো হবে;

- CNDA'র সিদ্ধান্ত আদেশবলে হলে, এটি জানানো হয়

প্রক্রিয়া চালানোর অধিকারে অবসান হলে, আপনাকে ফ্রান্স ত্যাগ করতে হবে এবং ফরাসী অঞ্চল ছাড়তে হতে পারে (দেখুন খন্ড ৫)

## ৩.৩. ইতিমধ্যে বন্ধ হওয়া আবেদন পুনরায় চালু

আপনার আবেদনের পরীক্ষা বন্ধ হয়ে গেলে, আপনি এটি আবারো চালু করার একবারই সুযোগ পাবেন (দেখুন ধারা ৩.১ "OFPRA'র সিদ্ধান্ত"। সেক্ষেত্রে এটি বন্ধ হওয়ার ৯ মাসের মধ্যে অনুরোধ করতে হবে। এটি করতে, আপনি অবশ্যই রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের কোনো প্রথম অভ্যর্থনা কেন্দ্রে (SPADA) হাজির হবেন, এবং তারপর ওয়ান-স্টপ শপে যাবেন নিবন্ধনের জন্য (দেখুন খন্ড ২)।

আবেদনটি পুনরায় চালু করার জন্য প্রিফেক্সারের নিবন্ধনের তারিখ থেকে ৮ দিনের মধ্যে আপনাকে OFPRA 'র কাছে অনুরোধ করতে হবে। এর ফলে আপনার আবেদনটি পুনরায় চালু হবে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের পরীক্ষা সেই পর্যায় থেকে শুরু হবে যেখানে এটি থেমে গিয়েছিলো।

৯ মাসের মধ্যে এটি পুনরায় শুরু করার অনুরোধের ক্ষেত্রে, আপনি আবারো এই দেশে অবস্থানের অধিকার পাবেন এবং একটি রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ ইস্যু করা হবে।

৯ মাসের সময়কাল শেষ হলে, আবেদন শুরু করার জন্য আপনার অনুরোধটি পুনর্বিবেচনার অনুরোধ হিসেবে গণ্য হবে (দেখুন অনুচ্ছেদ ৩.৪ "পুনর্বিবেচনা")

## ৩.৪ পুনর্বিবেচনা।

CNDA আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যান করলে অথবা আপনি যদি OFPRA' র সিদ্ধান্তের এক মাসের মধ্যে আপিল না করেন সেক্ষেত্রে আপনি OFPRA কে আপনার আবেদন পুনপরীক্ষা করতে বলতে পারেন, কিন্তু এটা তখনই করবেন যখন আপনার কাছ "নতুন তথ্য" থাকবে। যেমন.:

- CNDA'র সিদ্ধান্তের পরে বা আগে, কিন্তু তখনই করবেন যখন আপনি জানতে পারবেন;
- এবং আপনার নিগৃহিত হওয়ার ভয় অথবা দেশে ফিরে গেলে মারাত্মক ঝুঁকির সম্ভাবনা থাকলে।

আপনি কোন সংস্থা বা আইনজীবির পরামর্শ নিতে পারেন।

পুনর্বিবেচনার জন্য অনুরোধ করতে, আপনি প্রথমে কোনো রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের প্রথম অভ্যর্থনা কেন্দ্রে (SPADA) হাজির হবেন, এবং তারপর ওয়ান-স্টপ শপে পুনর্নিবন্ধনের জন্য যাবেন (দেখুন খন্ড ২) ।

নতুন করে নিবন্ধনের পর OFPRA র কাছে পুনর্বিবেচনার জন্য আবেদন করতে আপনি ৮ দিন সময় হাতে পাবেন। আপনার আবেদন সম্পূর্ণ না হলে, অফিস আপনাকে ৪ দিনের মধ্যে এটি সম্পূর্ণ করতে বলবে।

আবেদন দাখিল করার ৮ দিনের মধ্যে OFPRA আপনার আবেদনের ওপর একটি প্রাথমিক নির্বাচনী পরীক্ষা সম্পন্ন করবে এবং এটি গহণ করা হবে কিনা এ বিষয়ে সিদ্ধান্ত দেবে। এই পরীক্ষাটি চলাকালে, আপনাকে সাক্ষাৎকারের জন্য ডাকার প্রয়োজন হবেনা।

আপনি যে তথ্য বা উপাদান সরবরাহ করেছেন সেগুলো থেকে আপনার সুরক্ষা প্রাপ্তির সম্ভাবনা না থাকলে পরীক্ষা শেষে OFPRA আপনার আপিল পুনর্বিবেচনার অনুরোধ অগ্রহণযোগ্য ঘোষনা করতে পারে।

দ্রুত প্রক্রিয়ার আওতায়, অন্য কিছু সিদ্ধান্ত না হলে, OFPRA আপনার আবেদন গ্রহণযোগ্য ঘোষনা দিলে সেক্ষেত্রে এটির পরীক্ষা করা হবে গুরুত্বের ভিত্তিতে এবং সেভাবে প্রক্রিয়া চলবে।

OFPRA পুনর্বিবেচনার অনুরোধ প্রত্যাখ্যান করলে বা গ্রহণ না করলে এই সিদ্ধান্ত CNDAতে চ্যালেঞ্জ করা যাবে (দেখুন অনুচ্ছেদ ৩.২) ।

**আপনার অনুরোধ পুনর্বিবেচনাকালে আপনার কি এই অঞ্চলে থাকার অধিকার আছে?**

পুনির্নিরীক্ষণর জন্য প্রথমবার অনুরোধের ক্ষেত্রে (দেখন খন্ড ৩.১ এ অনুচ্ছেদ "OFPRA'র সিদ্ধান্ত জানানোর পরপরই এটি চালিয়ে যাওয়ার অধিকারের অবসান")

- প্রিফেক্সার যদি মনে করে যে আপনি শুধুমাত্র অপসারণ এর আদেশ ঠেকাতে আবেদন করেছেন এবং OFPRA একারণে এটি গ্রহণ করেনি, সেক্ষেত্রে OFPRA'র সিদ্ধান্ত জানানোর পর থেকেই আপনার আর এই অঞ্চলে অবস্থানের অধিকার থাকবেনা। আপনার বিরুদ্ধে অপসারণ আদেশ জারি এবং সেটি বলবৎ হতে পারে;

- OFPRA যদি আপনার আবেদন অগ্রহণীয় বলে ঘোষনা দেয় কিন্তু প্রিফেক্সার যদি মনে করে যে আপনার আবেদনটি অপসারণ এর আদেশ ঠেকাতে করা হয়নি, সেক্ষেত্রেও OFPR'র সিদ্ধান্ত জানানোর পর থেকেই আপনার আর এই অঞ্চলে অবস্থানের অধিকান থাকবেনা। আপনার বিরুদ্ধে অপসারণ আদেশ জারি এবং সেটি বলবৎ হতে পারে। তবে এই ক্ষেত্রে আপনি CNDA তে আপিল চলাকালিন সময়কালে প্রশাসনিক আদালতে এই সিদ্ধান্ত বাস্তবায়ন স্থগিত রাখতে অনুরোধ করতে পারেন ;

- OFPRA যদি আপনার অনুরোধ পুনর্নিরীক্ষার বিষয়টি গ্রহণযোগ্য মনে করে কিন্তু চূড়ান্তভাবে এটি প্রত্যাখ্যান করে, সেক্ষেত্রে OFPRA'র সিদ্ধান্ত জানানোর পর থেকেই আপনি এই অঞ্চলে অবস্থানের অধিকার হারাবেন। আপনার বিরুদ্ধে বহিষ্কার আদেশ জারি এবং সেটি বলবৎ হতে পারে। তবে এই ক্ষেত্রে আপনি CNDA তে আপিল চলাকালিন সময়কালে প্রশাসনিক আদালতে এই সিদ্ধান্ত বাস্তবায়ন স্থগিত রাখতে অনুরোধ করতে পারেন।

পুনর্নিরীক্ষার দ্বিতীয় অনুরোধের ক্ষেত্রে, আপনার আর আবেদন প্রক্রিয়া চালিয়ে যাওয়ার অধিকার থাকবেনা। সেক্ষেত্রে OFPRA'র সিদ্ধান্তের অপেক্ষা না করেই আপনার বিরুদ্ধে অপসারণ আদেশ জারি হতে পারে এবং বলবৎ হতে পারে।

## ৪, আবেদনকারির প্রারম্ভিক বস্তুগত সুবিধা ও অধিকারসমূহ

একজন রাজনৈতিক আশ্রয়প্রার্থী হিসেবে আপনার কিছু বস্তুগত মৌলিক সুবিধা পাওয়ার অধিকার রয়েছে। যেমন:

- রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের অভ্যর্থনা কেন্দ্রে (CADA) আবাসন অথবা আপনার বা প্রয়োজনে আপনার পরিবারের সদস্যদের জন্য জরুরী আবাসন কেন্দ্র (ধারা ৪.১) ।
- রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের মাসিক ভাতা (ADA)। আপনার পরিবারের গঠনে ওপর ভিত্তি করে এই ভাতার পরিমান নির্ধারিত হবে (ধারা ৪.২**)**

আরো কিছু সুবিধা যেমন ওয়ান-স্টপ শপে আপনার রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদনের নিবন্ধনকালে OFII আপনাকে যে বস্তুগত মৌলিক সুবিধাদি দেবে (দেখুন ধারা ২.২.২)

আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন পরবর্তী অগ্রগতি এবং আপনাকে দেওয়া সামাজিক সুযোগ সুবিধাসমূহ নিশ্চিত করতে যে প্রয়োজনীয় প্রশাসনিক ও সামাজিক প্রক্রিয়াগুলোতে সহায়তা পাবেন। বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য ও কাজের সুযোগ এক্ষেত্রে উল্লেখযোগ্য (দেখুন ৪.৩ থেকে ৪.৫) ।

### ৪.১ রাজনৈতিক আশ্রয়প্রার্থীর আবাসন

#### ■ আবাসনের অবস্থান

আবাসনগুলো হতে পারে রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের অভ্যর্থনা কেন্দ্র (CADA) এবং রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের জন্য সব ধরণের জরুরী আবাসন (HUDA). এই আবাসনসুবিধাগুলো রাষ্ট্রের অর্থায়নে পরিচালিত এবং এগুলোর ব্যবস্থাপনার দায়িত্বে থাকে সংস্থাসমূহ।

সারা ফ্রান্সে প্রায় ১ লাখের মতো রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের আবাসন ব্যবস্থা রয়েছে। এগুলো হতে পারে অ্যাপার্টমেন্ট অথবা অনেকগুলো হোটেল কক্ষ নিয়ে কেন্দ্র। CADA বা HUDA তে আপনাকে কিছু সুবিধা অন্যদের সঙ্গে বা অন্য পরিবারের সঙ্গে ভাগাভাগি করে নিতে হবে। যেমন রান্নাঘর, গোসলখানা, টয়লেট ইত্যাদি।

আবাসনের সুবিধা পেতে আপনার অবশ্যই বৈধ রাজনৈতিক আশ্রয়প্রার্থী সনদ থাকতে হবে।

CADA ও HUDAতে আপনি প্রশাসনিক ও আইনী সহায়তা পাবেন। এগুলোর মধ্যে রাজনৈতিক আশ্রয়প্রার্থনার প্রক্রিয়া ও স্বাস্থ্য ও সামাজিক সহায়তা (সামাজিক অধিকার, স্বাস্থ্য সুবিধা, বাচ্চাদের স্কুলে শিক্ষা ইত্যাদি) । আপনার আবাসনের ব্যবস্থা কোন স্থানীয় হোটেলে হলে সেক্ষেত্রে আপনি এসব সুবিধাগুলো রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের প্রথম অভ্যর্থনা কেন্দ্রের (SPADA) মধ্যে পাবেন ।

#### ■ আবাসন সম্পর্কে ধারণা দেওয়া

ম্যাটারিয়াল রিসেপশন কন্ডিশন (CMA) বা শুরুতেই দেওয়া বস্তুগত সুবিধার মধ্যে রয়েছে রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের জন্য আবাসন ও ভাতা (ADA)। আপনি যেখানে আপনার রাজনৈতিক আশ্রয়প্রার্থনার আবেদন নিবন্ধন করিয়েছেন সেই সিংগেল উইন্ডো'র আওতায় (GUDA)OFII আপনাকে এসব সুবিধা দেবে:

- **আপনি যদি এসব সুবিধা প্রত্যাখ্যান করেন,** CMA এগুলো আপনাকে আর দেবেনা।

- **আপনি যদি এসব সুবিধা গ্রহণ করেন,** সেক্ষেত্রে আপনার রাজনৈতিক আশ্রয়ের প্রক্রিয়া ও ডিপার্টমেন্ট, অঞ্চল বা সমগ্র ফ্রান্স, CADA তে জায়গা অথবা জরুরী আবাসন (HUDA) এর ধরণের ওপর ভিত্তি করে OFII এগুলো দেবে।

আপনি যেসব ডিপার্টমেন্ট বা অঞ্চলে রাজনৈতিক আশ্রয়ের আবেদন জমা দিয়েছেন তার বাইরেও আবাসনের ব্যবস্থা করা হতে পারে। আপনি এই সুযোগ প্রত্যাখ্যান করলে আর কখনোই ADA সুবিধা পাবেন না এবং আপনাকে পরবর্তীতে আবাসনও দেওয়া হবেনা।

থাকার জায়গা সংকট দেখা গেলে, OFII আপনাকে SPADA তে পাঠাবে যারা আপনার আবাসনের ব্যবস্থা করবে।

### ■ আবাসনে ভর্তি ও সেখান থেকে প্রস্থান

**আপনি যদি CADA অথবা HUDA তে ভর্তি হন** সেক্ষেত্রে আপনি সেখানে আপনার রাজনৈতিক আশ্রয় প্রক্রিয়ার পুরো সময়কাল (OFPRA and CNDA) অবধি থাকতে পারবেন।

অবশ্য**,** নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে, OFPRA আপনার সিদ্ধান্ত বাতিল না করা অবধি আপনি সেখানে সংক্ষিপ্ত সময়ের জন্য থাকতে পারবেন **(**দেখুন খন্ড ৪.২ এর ধারা "কখন আপনার বস্তুগত সুবিধা শেষ হবে। **)**

**আপনি যদি শরণার্থী অথবা সহায়ক সুরক্ষার একজন উপকারভোগী হিসেবে স্বীকৃত হন,** (OFPRA বা CNDA'র চূড়ান্ত ইতিবাচক সিদ্ধান্ত)**,** সেক্ষেত্রে আপনাকে অবশ্যই তিন মাসের মধ্যে CADA বা HUDA ছাড়তে হবে। এটি একবার নবায়ন করা যাবে। আপনি যদি এর বেশি সময় থাকেন**,** আপনার বিরুদ্ধে বিতাড়নের বিচার বিভাগীয় কার্যক্রম শুরু করা হবে জজের কাছে।

**আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যাত হলে** (OFPRA বা CNDA'র চূড়ান্ত নেতিবাচক সিদ্ধান্ত)**,** সেক্ষেত্রে আইনে অন্য কিছু বলা না থাকলে, আপনার থাকার অধিকারের মেয়াদ শেষ হয়ে গেলে আপনাকে অবশ্যই CADA বা HUDA ছাড়তে হবে।

**এই সময়ের পরও যদি আপনি আবাসনে থাকেন,** আপনি বিতাড়ন প্রক্রিয়ার মুখোমুখি হতে পারেন। এই অবস্থায়, বিভাগীয় প্রধান বা প্রিফেক্ট, CADA অথবা HUDA'র ম্যানেজার জায়গা খালি করে দিতে আপনাকে **আনুষ্ঠানিক নোটিশ দেবেন।** আপনি যদি তাও না শোনেন, সেক্ষেত্রে ডিপার্টমেন্টাল প্রধান, অথবা ম্যানেজার জায়গা খালি করতে বিষয়টিকে প্রশাসনিক বিচারকের কাছ তুলতে পারেন। প্রয়োজন হলে, জাতিয় পুলিশ বাহিনীর পুলিশ বা জেন্ডারমেরির পুলিশ দিয়ে আপনাকে বিতাড়িত করা হবে।

## ৪.২ রাজনৈতিক আশ্রয়প্রার্থীর ভাতা (ADA).

OFII রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের ভাতা (ADA) এবং সার্ভিসেস ও পেমেন্ট এজেন্সির দেওয়া অর্থ ব্যবস্থাপনা দেখাশোনা করে।

OFII একটি কার্ড ইস্যু করে যা দিয়ে আপনাকে ভাতা দেওয়া হবে। এই ভাতা যতদিন একজন রাজনৈতিক আশ্রয়প্রার্থী হিসেবে আপনার এই ভুখন্ডে থাকার অধিকার থাকবে ততদিন পাবেন। অথবা আপনার রাজনৌতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার দায়িত্ব বর্তায় এমন কোন রাষ্ট্রে আপনার প্রকৃত স্থানান্তর না হওয়া পর্যন্ত আপনি এই ভাতা পাবেন।

### ■ এই ভাতা লাভের শর্তসমূহ

রাজনৈতিক আশ্রয়প্রার্থীর ভাতা পাওয়ার যোগ্যতা অর্জনে আপনার অবশ্যই যেটি প্রয়োজন:

১- রাজনৈতিক আশ্রয়ের আবেদনের সনদ থাকা;

২- ১৮ বছর বয়স হওয়া;

৩- আপনি যদি একজন রাজনৈতিক আশ্রয়প্রার্থী হন, আপনাকে অবশ্যই ওয়ান-স্টপ শপে আপনার সাক্ষাৎকারের সময় প্রারম্ভিক বস্তুগত সুবিধাদির শর্তসমূহ মেনে নিতে হবে।

**রাজনৈতিক আশ্রয়প্রার্থনার আবেদন সনদ ছাড়া আমি কি প্রারম্ভিক বস্তুগত সুবিধা পেতে পারি?**

উপরে যা বলা আছে, প্রারম্ভিক বস্তুগত সুবিধা থেকে উপকৃত হতে বৈধ রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ থাকা আবশ্যক।

আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ থাকলেও আপনাকে বস্তুগত সুবিধা নাও দেওয়া হতে পারে যদি আপনি আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের পুনর্নীরিক্ষা করানোর জন্য অনুরোধ দাখিল করে থাকেন অথবা আইনসংগত কারণ ছাড়া আপনি যদি রাজনৈতিক আশ্রয়ের আবেদন করতে বেশি দেরি করে ফেলেন। (দেখুন ধারা ২.২.১ এ "আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদনের যোগ্যতা")।

অধিকন্তু, যে সব রাজনৈতিক আশ্রয়প্রার্থীর রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ প্রত্যাহার করা হয়েছে, অথবা কতিপয় কারণে (নিজের দেশ নিরাপদ, জন-শৃংখলার জন্য হুমকি, ইত্যাদি) দ্রুত প্রক্রিয়ার ফেলা রাজনৈতিক আশ্রয়ের আবেদন OFPRA কর্তৃক প্রত্যাখ্যানের সিদ্ধান্ত হলে, এবং CNDA তে আবেদনের কারণে এই সুবিধা নাও দেওয়া হতে পারে (যতক্ষন পর্যন্ত একজন বিচারক এ বিষয়ের ওপর সিদ্ধান্ত না দেন। বিচারক প্রশাসনিক হতে পারেন বা রাজনৈতিক আশ্রয় প্রার্থনা বিষয়কও হতে পারেন).

উল্লেখ করা যেতে পারে, এই ক্ষেত্রে ভাতা সমন্বয় করা যেতে পারে বা এর পরিবর্তে বস্তুগত সহায়তা দেওয়া হতে পারে।

## ■ আবেদন করা হলে কি হবে.

আপনি যদি একজন রাজনৈতিক আশ্রয়প্রার্থী হন, সেক্ষেত্রে আপনার জন্য রাজনৈতিক আশ্রয়ের ভাতা পাওয়ার অধিকারটি উন্মুক্ত। ওয়ান-স্টপ শপে আপনার আবেদন নিবন্ধিত হলে এবং OFII আপনাকে যেসব সুবিধা দেবে সেগুলি আপনি নিতে সম্মত হলেই আপনি এই ভাতা পাবেন।

রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন নিবন্ধিত হওয়ার সর্বোচ্চ ২১দিনের মধ্যে OFPRA'র কাছে আবেদন দাখিল করলে আপনি ভাতার অর্থ পেতে শুরু করবেন।।

## ■ ভাতার পরিমাণ

রাজনৈতিক আশ্রয়প্রার্থী ভাতা পেতে আপনার অবশ্যই এমন মাসিক আর্থিক সম্পদ থাকতে হবে যেটি এক্টিভ সলিডারিটি ইনকাম (RSA) এর থেকে কম হবে।

ভাতার পরিমাণ আপনার পরিবারের গঠণ, সম্পদ ও আবাসনের ওপর ভিত্তি করে নির্ধারিত হবে।

## ■ অর্থ প্রদান বা পেমেন্ট

আপনি OFPRA'র কাছে রাজনৈতিক আশ্রয়ের আবেদন দাখিল করার পর প্রথম রাজনৈতিক আশ্রয়ের ভাতার অর্থ পাওয়ার যোগ্য হবেন। আপনি OFII কে একটি মোবাইল নম্বর দিলে আপনাকে তারা ক্ষুদে বার্তা আপনার কার্ডে ভাতা ভাতা ভরার সময় জানাবে।

ফ্রান্সে আপনার থাকার অধিকার শেষ হওয়ার শেষ মাস অবধি আপনি এই ভাতা পাবেন (দেখুন ধারা ৩.১ ও ৩.২ “ফ্রান্সে থাকার অধিকারের অবসান”) ।

রাজনৈতিক আশ্রয়ের আবেদনের ওপর চূড়ান্ত সিদ্ধান্ত যে মাসে জানানো হবে তার পরের মাসের শেষে স্থগিত ভাতা পরিশোধ করে হবে।

### ■ আবেদন

আপনি অবশ্যই OFII কে আপনার আবাসনের অধিকার, পরিবারের যে কোন বিষয়, সম্পদ বা আপনার চাকুরি বিষয়ক যে কোনো পরিবর্তন সম্পর্কে জানাবেন। আপনি নিজ দায়িত্ব থেকেই ADA সংক্রান্ত OFII'র যে কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে OFII'র কাছে এক্স গ্রাটিয়া আপিল করবেন। প্রশাসনিক আদালত এ ধরণের আপিলের বিষয়টি নিষ্পত্তি করবে।

**আপনার প্রারম্ভিক বস্তুগত সুবিধা কখন বন্ধ করে দেওয়া হবে?**

যে মাসে রাজনৈতিক আশ্রয়প্রার্থী হিসেবে এই ভুখন্ডে আপনার থাকার অধিকার শেষ হবে সেই মাসের শেষে আপনার প্রারম্ভিক বস্তুগত সুবিধা বন্ধ করে দেওয়া হবে।

কতিপয় কারণে (নিরাপদ দেশের নাগরিক, জন-শৃংখলার জন্য হুমকি) OFPRA রাজনৈতিক আশ্রয়ের আবেদন খারিজ করে দেওয়ায় যেসব রাজনৈতিক আশ্রয়প্রার্থীর এই প্রক্রিয়া চালানোর অধিকারের অবসান ঘটেছে তারা তাদের বিরুদ্ধে আনীত বিতাড়নের আদেশের বাস্তবায়ন স্থগিত করে আদালতে আপিল করলে সেক্ষেত্রে আদালতের রায় দেওয়া অবধি অথবা সিদ্ধান্ত না জানানো পর্যন্ত প্রারম্ভিক বস্তুগত সুবিধা প্রাপ্য হবেন (দেখুন অনুচ্ছেদ ৫.১)

আপনি যদি স্বীকৃত শরণার্থী হন বা আপনাকে সহায়ক সুরক্ষা দেওয়া হয়ে থাকে, সেক্ষেত্রে রাজনৈতিক আশ্রয়ের আবেদনের ওপর চূড়ান্ত সিদ্ধান্ত যে মাসে জানানো হবে তার পরের মাসের শেষে ভাতা দেওয়া বন্ধ হয়ে যাবে।

অবশ্য প্রারম্ভিক বস্তুগত সুবিধা বন্ধ হতে পারে যদি:

- কোন বিধিসম্মত কারণ ছাড়াই আপনি আবাসন ছেড়ে চলে যান;
- যদি আপনি কর্তৃপক্ষকে রিপোর্ট করার বাধ্যবাধকতা না মানেন, যে সব তথ্য চাওয়া হয় সেগুলোর উত্তর না দেন অথবা রাজনৈতিক আশ্রয়ের প্রক্রিয়া সম্পর্কিত যে কোন সাক্ষাৎকারে হাজির না হন;
- OFII যদি আপনাকে অন্য কোনো অঞ্চলের আবাসনে অথবা SPADAতে পাঠায়, কিন্তু আপনি সেখানে প্রয়োজনীয় ৫ দিন সময়সীমার মধ্যে না যান;
- OFII আপনাকে অন্য কোনো অঞ্চলে পাঠানোর সিদ্ধান্ত নিলে আপনি যদি OFII'র অথরাইজেশন ছাড়াই সেখানে চলে যান।
-আপনার আর্থিক সম্পদ গোপন করলে;
- আপনার পারিবারিক অবস্থা সম্পর্কে মিথ্যা তথ্য দিলে;
- আপনি ভিন্ন পরিচয়ে একাধিক রাজনৈতিক আশ্রয়ের আবেদন করলে;
- আপনি সহিংশ আচরনে লিপ্ত হলে অথবা আবাসন সম্পর্কিত বিধিবিধান মারাত্মকভাবে লংঘন করলে;

আপনাকে OFII বরাবর লিখিত আবেদন করার সুযোগ দেওয়ার পরই এই সিদ্ধান্ত নেওয়া হবে। সম্পদ গোপন করা, পরিবার সম্পর্কে মিথ্যা তথ্য দেওয়া এবং ভিন্ন ভিন্ন পরিচয়ে রাজনৈতিক আশ্রয়ের আবেদন করার ক্ষেত্রে অর্থ ফেরৎ দিতে হতে পারে।

## ৪.৩ শিক্ষার সুযোগ

ফ্রান্সের নাগরিকদের শিশুরা শিক্ষার যেসব সুবিধা পেয়ে থাকে সেই অভিন্ন সুবিধা পেয়ে থাকে রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের সন্তানরা।

এডুকেশন কোড (অনুচ্ছেদ L. ১১১-২), *অনুসারে "প্রত্যেক শিশুরই স্কুলে শিক্ষা নেওয়ার অধিকার আছে। যেটা তার পরিবারের দায়িত্বের পাশাপাশি তার শিক্ষার জন্য দেওয়া হবে" । এটা স্মরণীয় যে, "শিক্ষা সব লিংগের শিশুর জন্যই বাধ্যবধাকতামূলক, ফরাসী এবং বিদেশী, ৬ থেকে ১৬ বছরের মধ্যে"* (উপরে উল্লিখিত কোডের অনুচ্ছেদ L. ১৩১-১) ।

প্রাইমারী স্কুলের নিবন্ধন টাউন হলে সম্পন্ন করা হয়। আপনাকে অবশ্যই সব কাগজ পত্রে প্রয়োজনীয় তথ্য, ঠিকানা পূরণ করে শিশুসহ সেখানে উপস্থিত হতে হবে। শিশুকে সব টিকা দেওয়া থাকতে হবে।

মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সাধারণত আপনার বাসস্থানের নিকটবর্তী কোনো স্কুলে (কলেজ বা হাই স্কুল) সরাসরি ভর্তি করা হয়।

আপনার প্রশাসন, আইনী ও সামাজিক সহায়তার দায়িত্বপ্রাপ্ত দপ্তর আপনাকে এসব প্রক্রিয়া চালানোর জন্য সহায়তা দেবে। এসব অফিসগুলো হতে পারে OFII এর সঙ্গে চুক্তির অধীন আপনার আবাসন বিষয়ক দপ্তর অথবা প্রথম অভ্যর্থনা দপ্তর (SPADA) (দেখুন পয়েন্ট ২.১) ।

### ৪.৪ স্বাস্থ্য সুবিধা

#### ■ কোথায় চিকিৎসা সুবিধা পাওয়া যাবে?

- **স্বাস্থ্য সেবা বিষয়ক পেশাজীবির কাছে (হাসপাতালের বাইরে)**
যে কোনো স্বাস্থ্য সমস্যার ক্ষেত্রে, আপনি একজন "সাধারণ চিকিৎসক" এর কাছে যেতে পারেন। যিনি আপনাকে পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধের পরামর্শ দেবেন। যদি আপনার বাড়তি পরীক্ষা বা সেবার দরকার হয় সেক্ষেত্রে তিনি আপনাকে কোনো বিশেষজ্ঞ চিকিৎসক অথবা স্বাস্থ্য সহযোগীর (নার্স, ফিজিওথেরাপিস্ট) কাছে পাঠাতে পারেন।

- **ফার্মেসী বা ঔষধালয়ে:** ঔষধ কিনতে বা পরামর্শ নিতে।

- **হাসপাতালে:** জরুরী ক্ষেত্রে, অথবা কতিপয় পরীক্ষার জন্য সাক্ষাৎকার অথবা বিশেষজ্ঞের পরামর্শ পেতে

**এইসব চিকিৎসার জন্য ফি প্রযোজ্য,** কিন্তু এগুলো আপনার স্বাস্থ্য বীমা দিয়ে মেটানো হয়। **(**দেখুন পরবর্তী অধ্যায়**)**

**স্বাস্থ্য কভারেজের জন্য অপেক্ষার ক্ষেত্রে,** আপনি নিম্নলিখিত সেবাকেন্দ্রসমূহে বিনা মুল্যে চিকিৎসা পেতে পারেন**:**

- -সব চিকিৎসার জন্য:

o আপনি স্বাস্থ্য সেবা সুবিধা কেন্দ্রে (PASS) যেতে পারেন। সাধারণত এগুলো হাসপাতালেই থাকে। সেখানে চিকিৎসক আপনাকে দেখবেন এবং আপনাকে বিনামুল্যে ঔষধ দেয়া হবে।

o কিছু বিশেষায়িত সংস্থা (ডক্টর্স অব দি ওয়ার্ল্ড, COMEDE...) আপনাকে বিনামূল্যে সাধারণ চিকিৎসা পরামর্শ, দাঁতের পরামর্শ অথবা বিশেষায়িত পরামর্শ (স্ত্রীরোগ, চক্ষু অথবা মানসিক রোগ বিষয়ক ইত্যাদি) দেবে।

- সুনির্দিষ্ট সমস্যার ক্ষেত্রে:

o গর্ভবতী মহিলাদের গর্ভাবস্থা পরীক্ষণ, ৬ বছরের কম বয়সী শিশুদের টিকা ও তাদের পরীক্ষণ: PMI (শিশুদের জন্য মাতৃতান্ত্রিক সুরক্ষা)কেন্দ্রে।

o যক্ষা পরীক্ষায়: CLAT এ (যক্ষা নিয়ন্ত্রণ কেন্দ্র)

o HIV, হেপাটাইটিস এবং শারীরিক মিলনের ফলে ছড়িয়ে পড়া সংক্রমণের পরীক্ষা: বিনা মূল্যে তথ্য, পরীক্ষা ও রোগ নির্ণয় কেন্দ্র CeGIDD) এ।

o গর্ভনিরোধ প্রক্রিয়ায় সন্তান প্রসবের ক্ষেত্রে: পরিবার পরিকল্পনা কেন্দ্রে (CPEF)।

o মাদকাসক্তির জন্য: মাদকাসক্তির সুরক্ষা, সহায়তা ও প্রতিরোধ কেন্দ্র (CSAPA) তে।

**আপনার প্রথম অভ্যর্থনা কেন্দ্র,** নার্সিং হোম অথবা স্থানীয় হাসপাতাল থেকে জেনে নিন ঐগুলো কোথায় পাবেন**,** অথবা ভিজিট করুন http ://annuairesante.ameli.fr

**জরুরী চিকিৎসার ক্ষেত্রে,** 15 অথবা 112 নম্বরে কল করুন অথবা কল করতে না পারলে নিকটবর্তী হাসপাতালের জরুরি বিভাগে যোগাযোগ করুন।

## ■ আপনার চিকিৎসা সেবার ব্যয় কিভাবে মেটাবেন?

**ফ্রান্সে আপনাকে চিকিৎসা পেতে মূল্য পরিশোধ করতে হবে, কিন্তু আপনি একটি স্বাস্থ্য বীমা পলিসি থেকে সহায়তা পেতে পারেন যা আপনার স্বাস্থ্য ব্যয়ের সম্পূর্ণ অথবা আংশিক মেটাবে।**

এগুলো হচ্ছে ইউনিভার্সাল হেলথ প্রোটেকশন (PUMa) এবং কমপ্লিমেন্টারী  হেলথকেয়ার সলিডারিটি (CSS)। দ্বিতীয় সুবিধাটি মিনস- টেস্টেড  অর্থাৎ  আপনার অন্য কোনো আয় থাকলে তার পরিমানের ওপর নির্ভর করে।

এই স্কীমদুটি চশমা, দাঁতের চিকিৎসা ইত্যাদিসহ আপনার সব দৈনন্দিন সেবার ব্যয় মেটাবে। এর পাশাপাশি কমপ্লিমেন্টারী হেলথকেয়ার বীমার আওতায় এই সেবা পেতে আপনাকে কোনো অগ্রীম অর্থ দিতে হবে না। একইসঙ্গে আপনি যাতায়াত ব্যয়ের ওপরেও ছাড় পাবেন।

**আপনি এগুলো পেতে আপনার বাসস্থানের ডিপার্টমেন্টে প্রাইমারী হেলথ ইনস্যুরেন্স ফান্ড (CPAM) এ আবেদন করতে পারেন।**

- **আপনার নাবালক সন্তানের জন্য আপনার রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন নিবন্ধিত হওয়ার সঙ্গে সঙ্গেইঃ** আপনাকে "এপ্লিকেশন ফর এন্টটাইটেলমেন্ট টু হেলথ ইন্স্যুরেন্স" এবং "এপ্লিকেশন ফর সাপ্লিমেন্টারী হেলথ ইন্স্যুরেন্স" ফর্মদুটি পূরণ করতে হবে এর এরসঙ্গে আপনার নাবালক সন্তানের নিবন্ধনসহ আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদটি সংযুক্ত করতে হবে।
- **আপনার নিজের ক্ষেত্রে (অথবা আপনার স্বামী/স্ত্রী) ফ্রান্সে তিন মাস বসবাসের পর:** আপনাকে অবশ্যই সেক্ষেত্রে এই ফর্মগুলো পুনরায় পূরণ করতে হবে এবং আপনার রাজনৈতিক আশ্রয়প্রার্থনার সনদের পাশাপাশি, অন্য কাগজ যেমন ফ্রান্সে তিন মাসের বেশি বসবাসের সপক্ষে প্রমান সংযুক্ত করতে হবে।

কোনো আবাসন কেন্দ্র থেকে গত তিন মাসের বেশি বসবাসের সনদ; তিন মাসের বেশি আগের তারিখে নেওয়া বসবাসের সনদ; তিন মাসের বেশী আগে নেওয়া রাজনৈতিক আশ্রয়প্রার্থনার আবেদনের সনদ; তিন মাসের বেশী আগে structure de pré-accueil des demandeurs d'asile (SPADA) কর্তৃক ইস্যু করা যে কোনো সনদ; তৃতীয় কোনো পক্ষ থেকে নেওয়া আবাসনের ক্ষেত্রে আপনার সেখানে বসবাসের শুরুর তারিখ উল্লেখ রেখে একটি সনদ যেখানে তাঁর আবাসনের প্রমাণস্বরুপ তার নামে জারি হওয়া গত তিন মাসের বিল (ভাড়ার রশিদ, বিদ্যুৎ বিল, ইত্যাদি) দিতে হবে।

যদি আপনি বা আপনার সন্তানের দ্রুত চিকিৎসার প্রয়োজন হয়,  সেক্ষেত্রে এই ফাইল দ্রুত প্রসেস করা এবং স্বাস্থ্য সহায়তা দ্রুত পেতে এই চিকিৎসার প্রয়োজনীয়তার প্রমাণ সংযুক্ত করতে পারেন।

এই প্রক্রিয়ায় আপনি আপনার প্রাইমারী কেয়ার ফ্যাসিলিটি (SPADA), আপনার আবাসন কেন্দ্র (CADA, HUDA, **ইত্যাদি**) **অথবা কোনো হাসপাতালের সোশ্যাল সার্ভিস থেকে সহায়তা পেতে পারেন।**

**আপনি যে তারিখে আপনার ফাইলটি CPAM এ পাঠাবেন সেদিন থেকে আপনার স্বাস্থ্য সহায়তা শুরু হবে। কাজেই আপনার জন্য গুরুত্বপূর্ণ হচ্ছে সন্তানের ক্ষেত্রে দেরী না করেই আবেদন করা (আপনার রাজনৈতিক আশ্রয়প্রার্থনার আবেদন নিবন্ধিত হওয়া মাত্রই), এবং আপনি অথবা আপনার পত্নী/স্বামীর ফ্রান্সে তিন মাসের বসবাস প্রমাণ করতে পারা মাত্রই।**

আপনি একটি সনদ পাবেন যেটি চিকিৎসা পেতে আপনাকে চিকিৎসক, হাসপাতাল অথবা ফার্মেসীকে দিতে হবে। সনদটি আপনাকে পাঠাবে স্বাস্থ্য বীমা তহবিল। ফর্মে উল্লিখিত আপনার ঠিকানায় এটি পাঠানো হবেঃ আপনাকে অবশ্যই ফর্মে আপনার বসবাসের স্থান উল্লেখ করতে হবে।

আপনাকে যদি আন্তর্জাতিক সুরক্ষা দেওয়া হয় সেক্ষেত্রে রাজনৈতিক আশ্রয়প্রার্থনার পুরোটা সময়কাল ও তারপরেও আপনি স্বাস্থ্য সহায়তা পাবেন। যেহেতু সম্পুরক স্বাস্থ্য বীমার মেয়াদ এক বছর, আপনাকে তাই এই

সহায়তা চালু রাখতে প্রতিবছর একটি নতুন আবেদন করতে হবে। সনদে উল্লিখিত আপনার এই সহায়তা স্বত্বপ্রাপ্তির মেয়াদ পূর্তির চার থেকে দুই মাসের মধ্যেই এই আবেদন করা উচিৎ।

**আপনার স্বত্বপ্রাপ্তি শুরু হওয়া পর্যন্ত অপেক্ষাকালীন সময়ে বিনামূল্যের চিকিতসাকেন্দ্র থেকে আপনি কোনো চার্জ ছাড়া চিকিৎসা পেতে পারেন। এই সুবিধাগুলো "কোথায় চিকিৎসা সুবিধা পাওয়া যাবে" শিরোনামে পূর্বের অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে।**

**আপনার "জরুরী সেবাগুলো" ও হাসপাতাল থেকে পাবেন।** এই সেবাগুলো এমন যে এর জন্য অপেক্ষা করা যাবেনা, উদাহরনস্বরুপঃ গভীর ক্ষত, অস্থিভঙ্গ, পুড়ে যাওয়া, মারাত্মক বা সংক্রামক রোগের চিকিৎসা, অপ্রাপ্তবয়স্ক এবং গর্ভবতী মহিলার সব চিকিৎসা (বিশেষ করে গর্ভাবস্থার সময় ও পরে করা প্রতিরোধক পরীক্ষাসমূহ, সন্তানের জন্ম, স্বেচ্ছা গর্ভপাত..)। **বিনামূল্যে হাসপাতালে চিকিৎসা পেতে হলে আপনাকে অবশ্যই আপনার রাজনৈতিক আশ্রয়প্রার্থনার সনদ দাখিল করতে হবে।**

**<u>অনুগ্রহ করে লক্ষ্য করুনঃ</u>**

**ফ্রান্সে তিন মাসের অধিককাল বসবাস সম্পন্ন হওয়ামাত্রই এবং আপনার নাবালক সন্তান বা আপনার নিজের (বা স্বামী/পত্নীর) রাজনৈতিক আশ্রয়প্রার্থনার আবেদন নিবন্ধনের পরপরই আপনি আপনার বাসস্থানের CPAM থেকে স্বাস্থ্য সহায়তা পেতে আবেদন করবেন।**

**স্বাস্থ্য কভারেজ থেকে সহায়তার জন্য অপেক্ষাকালীন সময়ে, আপনি কতিপয় স্বাস্থ্য সুবিধাকেন্দ্রে বিনামূল্যে চিকিৎসা অথবা হাসপাতালে বিনামূল্যে "জরুরী সেবা" পেতে পারেন। এজন্য আপনি অবশ্যই আপনার রাজনৈতিক আশ্রয়প্রার্থনার সনদ দাখিল করবেন।**

**আপনার অবস্থার যে কোনো ধরণের পরিবর্তনের বিষয়টি CPAM কে জানান**; আপনি যদি আন্তর্জাতিক সুরক্ষা পান, সেক্ষেত্রে প্রতিটি নতুন রাজনৈতিক আশ্রয়প্রার্থনার আবেদন সনদের কপি, নতুন বাসস্থান সনদ, এবং আপনার বাসস্থানের অনুমতির আবেদনের রশিদের কপি পাঠান।

### ৪.৫ শ্রম বাজারে সুযোগ.

রাজনৈতিক আশ্রয়প্রার্থী হিসেবে আপনি কাজের অনুমতি পেতে পারেন, যদি আপনি দায়ি নন এমন কোনো কারণে OFPRA আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন দাখিলের তারিখে ছয় মাসের মধ্যে এ ব্যাপারে কোনো সিদ্ধান্ত না দিয়ে থাকে।

এই ক্ষেত্রে, আপনার ভবিষ্যত নিয়োগকর্তা কর্তৃক আপনার জন্য ওয়ার্ক পারমিট চেয়ে অনুরোধ দাখিল করলে সেক্ষেত্রে আপনি আপনার আবাসস্থানের ডিপার্টমেন্টের DIRECCTE এর জনশক্তি বিভাগ (SMOE) এর কাছে কাজের অনুমতি বা ওয়ার্ক পারমিট চেয়ে আবেদন করতে পারেন।

প্রিফেক্ট/ DIRECCTE/SMOE ওয়ার্ক পারমিটের আবেদনে বিষয়ে সিদ্ধান্ত নি য়ে থাকে। আবেদনের তারিখ থেকে পরবর্তী দুই মাস তারা এর ওপর তদন্ত করবে। আপনি যদি এই সময়ের মধ্যে কোনো জবাব না পান তাহলে ধরে নেওয়া হবে এটা গৃহিত হয়েছে। এটি আপনার ভবিষ্যত নিয়োগকর্তা ও আপনাকে জানানো হবে এবং এটি এই ভুখন্ডে আপনার অবস্থানের অধিকারের সময়কালের জন্য প্রযোজ্য।

চুক্তি হলে, প্রিফেক্ট ৩ মাসের বেশি সময়কালের কোনো চুক্তির জন্য কাজের অনুমোদন অথবা মৌসুমি কাজের চুক্তির অনুমোদন OFIIকে পাঠায়।

অবশ্য, যতক্ষন না আপনি কোনো প্রতিষ্ঠিত নিয়োগ বিভাগের তালিকাভুক্ত চাকুরির কোনো একটির জন্য আবেদন না করবেন ততক্ষন সংশ্লিষ্ট অঞ্চল বা সেক্টরে কাজের পরিস্থিতি বিবেচনায় নিয়ে এই অনুমোদন প্রত্যাখ্যানও হতে পারে।

আপনার যদি সাময়িক কাজের অনুমতি থাকে এবং আপনি নিজে দায়ি নয় এমন কোনো কারণে আপনার নিয়োগ চুক্তি বাতিল হয়ে থাকে, অথবা একটি নির্দিষ্ট মেয়াদ শেষে অথবা সাময়িক চুক্তি বাতিল করা হয়ে থাকে, সেক্ষেত্রে আপনি একজন চাকুরীপ্রার্থী হিসেবে Pôle emploi তে নিবন্ধিত হতে পারেন।

আপনি যদি অপ্রাপ্তবয়স্ক হন এবং একা থাকেন, এবং আপনার যদি নির্দিষ্ট মেয়াদের শিক্ষানবীসকাল থাকে অথবা পেশাজীবিকরণ চুক্তি থাকে, সেক্ষেত্রে আপনি ১ মার্চ ২০১৯ সালের পর রাজনৈতিক আশ্রয়ের আবেদন করে থাকলে আপনার চুক্তি চালিয়ে যেতে পারবেন।

পরিশেষে, আপনি যদি শ্রম বাজারে ঢোকেন, সেক্ষেত্রে বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মকান্ডের মাধ্যমে লেবার কোডে বর্ণিত শর্ত মোতাবেক এ থেকে উপকৃত হবেন।

# ৫ এই দেশে থাকার অধিকারের প্রশ্নে রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যানের পরিণাম

## ৫.১. OFPRA অথবা CNDA'র প্রত্যাখ্যানের সিদ্ধান্ত

### ■ OFPRA'র সিদ্ধান্ত জানানোর পর প্রক্রিয়া চালিয়ে যাবার অধিকারের অবসান

✓ **CNDAতে আবেদন করলে এটা সাসপেনসিভ হবেনা:**

ধারা ৩.১ এ যেমনটি বলা হয়েছে, এই দেশে আপনার অবস্থানের অধিকার এর অবসান ঘটবে যখন আপনি *OFPRA* 'র নিচের যে কোনো একটি সিদ্ধান্তের আওতায় আসবেন।

১. অগ্রহণীয়তার সিদ্ধান্ত, কেননা আপনি ইতিমধ্যেই অন্য একটি রাষ্ট্রে কার্যকর সুরক্ষা ভোগ করছেন এবং, সেই রাষ্ট্র যদি এর সদস্য না হয়, সেক্ষেত্রে আপনাকে পুনরায় ভর্তি হওয়ার প্রয়োজন হতে পারে। *(ধারা ৩.৩);*

২. আবেদন বন্ধ ঘোষনার সিদ্ধান্ত *(দেখুন ধারা ৩.৩);*

৩. আপনি বিতাড়নের আদেশের লক্ষবস্তু হয়েছেন এ অবস্থায় আপনার পুনর্নিরীক্ষার প্রথম অনুরোধ অগ্রহণীয় হলে।

এই ক্ষেত্রগুলিতে, রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ প্রত্যাহার করা হতে পারে, অথবা নবায়ন করা নাও হতে পারে এবং আপনার ওপর ফ্রান্স ত্যাগ করার বাধ্যবাধকতা আরোপ করা হতে পারে। *CNDA* তে আবেদন করার কারণে আপনার আবেদন প্রক্রিয়াটি দীর্ঘায়িত বা সাসপেনসিভ হবেনা। এবং আপনার ওপর যে কোনো সময় বিতাড়নের আদেশ বলবৎ হতে পারে।

আপনি যদি আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাহারের বিষয়টি *OFPRA*কে অবগত করেন, সেক্ষেত্রেও আপনি এই প্রক্রিয়া চালিয়ে যাওয়ার অধিকার হারাবেন এবং *CNDA*তে আবেদনের কারণে প্রক্রিয়াটি ঝুলে যাবে না বা সাসপেনসিভ হবেনা।

✓ **CNDA তে আবেদন স্বয়ংক্রিয়ভাবে প্রক্রিয়া দীর্ঘায়িত করবে না:**

জাতিয় ভুখন্ডে থাকার অধিকারের অবসান ঘটবে যখন আপনি OFPRA'র নিচের যে কোনো একটি সিদ্ধান্তের আওতায় আসবেন:

১. আপনি বিতাড়নের আদেশের লক্ষ্যবস্তু না হলেও, আবেদন পুনর্নিরীক্ষার প্রথম অনুরোধ অগ্রহণীয় হওয়ার সিদ্ধান্ত হলে;

২. পুনর্নিরীক্ষার আবেদন গ্রহণযোগ্য মনে হলেও সেটি বাতিলের সিদ্ধান্ত হলে;

৩. আপনি একটি নিরাপদ দেশের নাগরিক এই ভিত্তিতে দ্রুত প্রক্রিয়ার আওতায় ফেলা রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যানের সিদ্ধান্ত হলে;

৪. আপনার উপস্থিতি জন-শৃংখলার জন্য মারাত্মক হুমকি- এই ভিত্তিতে দ্রুত প্রক্রিয়ার আওতায় ফেলা রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যানের সিদ্ধান্ত হলে;

৫. আপনার বিরুদ্ধে বহিষ্কারের আদেশ এবং প্রশাসনিক ও বিচারিক ভুখন্ডে নিষেধাজ্ঞা জারী, আপনাকে গৃহবন্দি করা অথবা আটক করার সম্ভাবনা রয়েছে এমন অবস্থায় আপনার আবেদন, অগ্রহণযোগ্য বা প্রত্যাখ্যানের সিদ্ধান্ত হলে, (দেখুন ধারা ২.২.১)

১ থেকে ৪ ক্ষেত্রসমূহে, রাজনৈতিক আশ্রয়ের আবেদন সনদ প্রত্যাহার করা হতে পারে, অথবা নবায়ন করা নাও হতে পারে এবং আপনার ওপর ফ্রান্স ত্যাগ করার বাধ্যবাধকতা আরোপ করা হতে পারে।

আপনি বিরুদ্ধে OQTF বা বাধ্যবাধকতামূলকভাবে ফ্রান্স ত্যাগের আদেশ এর সম্ভাবনা থাকলে, আপনার আবেদন প্রক্রিয়া দ্রুত শেষ করতে এবং কার্যকরভাবে নীরিক্ষণ করতে আপনাকে গৃহবন্দি করা হতে পারে অথবা আপনাকে অন্তরীন রাখা হতে পারে। কারণ এই ক্ষেত্রে আপনার আবেদনের ভিত্তি কি এবং জাতিয় নিরাপত্তা ও জন-শৃংখলার কোথায় সুরক্ষা দরকার সেটি নির্ধারণ করাটা জরুরী।

আবেদন যদি আপনা আপনি ঝুলে না যায় বা সাসপেনসিভ না হয়, সেক্ষেত্রে আপনি সম্ভাব্য OQTF এর বিরুদ্ধে আবেদন করে থাকলে প্রশাসনিক আদালতে আপনার বিতাড়নের আদেশ স্থগিত রাখতে অনুরোধ করতে পারেন। এক্ষেত্রে আপনাকে OFPRA 'র সিদ্ধান্তের বিরুদ্ধে CNDA 'র কাছ আবেদন করতে হবে যদি CNDA'র রায় বিলম্বিত হয়।

রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যাত হলে এবং OQTF প্রয়োগ করা হলে, আবেদন প্রত্যাখ্যানের রায় জানানোর ১৫দিনের মধ্যে এটি প্রশাসনিক আদালতে চ্যালেঞ্জ করা যাবে। বিচারক দশ সপ্তাহের মধ্যে তাঁর সিদ্ধান্ত জানাবেন। আপনি যদি গৃহ বন্দি থাকেন বা অন্তরীন থাকেন সেক্ষেত্রে এই আবেদনের সময়সীমা হবে ৪৮ ঘন্টা। এবং এই ক্ষেত্রে বিচারক তার রায় জানাবেন ৭২ ঘন্টার মধ্যে।

OQTF এর বিরুদ্ধে আপিল সাসপেনসিভ ধরণের: আবেদন ফাইল করার সময়ে, এবং বিষয়টি যদি প্রশাসনিক আদালতে পাঠানো হয় সেক্ষেত্রে সেখান থেকে চুড়ান্ত সিদ্ধান্ত না আসা অবধি আপনাকে বিতাড়িত করা যাবেনা।

রাজনৈতিক আশ্রয়ের আবেদন করার আগে আপনি যদি OQTF এর সম্ভাবনের মধ্যে থাকেন এবং OQTF এর বিরুদ্ধে যদি আপিল করা না যায়, সেক্ষেত্রে আপনি আপনার গৃহ বন্দিত্ব বা অন্তরীন অবস্থার ৪৮ ঘন্টার মধ্যে OQTF এর বাস্তবায়ন স্থগিত করতে সরাসরি প্রশাসনিক আদালতে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে এই স্থগিত চেয়ে আবেদন করার কারণে আপনার বিতাড়নের আদেশ ঝুলে যাবে।

আপনি যদি OQTFএর বিরুদ্ধে আপিল না করেন, অথবা OQTF এর বিরুদ্ধে আপিল করা না যায়, অথবা আপনি যদি আপনার বিতাড়নের আদেশ বাস্তবায়ন স্থগিত চেয়ে আপিল না করেন, সেক্ষেত্রে, এই আপিল করার সময়সীমা শেষ হওয়া মাত্রই আপনাকে বহিষ্কার করা হতে পারে। আপনার আবেদন করার সময়সীমা অতিক্রম করলে ঐ মাসের শেষে আপনার প্রারম্ভিক বস্তুগত সুবিধাও বন্ধ করে দেওয়া হবে।

